চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই নিকটবর্তী এজেন্টের সাথে যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 276 Tuesday, 5 September, 2023 ❋ ২৮ বর্ষ, ২৭৬ সংখ্যা ❋ ১৮ ভাদ্র, ১৪৩০, মঙ্গলবার, ৫ সেপ্টেম্বর, ২০২৩ ❋ আজ ৮ পাতা ❋ মূল্য- ৩ টাকা

আগামী সপ্তাহে দিল্লিতে জি-২০ সম্মেলন। আসছেন বিশ্বের তাবড় নেতারা। তবে জিনপিংয়ের যোগ না দেওয়ার খবরে হতাশ মার্কিন প্রেসিডেন্ট। ...বিস্তারিত পাতা ২

বৃষ্টি যে হচ্ছে না তা নয়, হালকা থেকে মাঝারি বৃষ্টিতে ভিজছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। এই বৃষ্টিতে সাময়িকের জন্য গরম থেকে স্বস্তি মিলছে। ...বিস্তারিত পাতা ৩

দুই পরিবারের শিশু অঙ্গনওয়াড়িতে গিয়ে খাবার নিয়ে ঝগড়া বাধায়। সেই ঝগড়ার জের এবার পরিবারের উঠোনে এসে পৌঁছল। ...বিস্তারিত পাতা ৫

৩৬এর সার্বিয়ান তারকা ১৩তম বার উঠলেন ইউএস ওপেনের কোয়ার্টার ফাইনালে। চতুর্থ রাউন্ডে ক্রোয়েশিয়ান বর্না গোজোর বিরুদ্ধে নেমেছিলেন জকোভিচ। ...বিস্তারিত পাতা ৮

আমার পরিবারকেও ডিসটার্ব করছে মমতা

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ রাজ্য সরকারের সহায়তায় ও জমি সরলীকরণ নীতির ফলে রিয়েল এস্টেট ব্যবসা গত ১২ বছরে অভূতপূর্ব সাফল্য পেয়েছে। আগামী দিনে এই ব্যবসার আরও অগ্রগতি ঘটবে বলে রিয়েল এস্টেট কনভেনশনের মঞ্চ থেকেই দাবি জানিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে এই সেক্টরে অনেক অসৎ ব্যবসায়ী রয়েছেন। তাঁদের সতর্ক করে রাজ্য পুলিশকে কড়া পদক্ষেপ করার বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। ইতিমধ্যে এরকম বেশ কয়েকজন ব্যবসায়ীকে ব্ল্যাক লিস্টেড করা হয়েছে বলেও জানান তিনি। এদিন রিয়েল এস্টেট কনভেনশন মঞ্চে ব্যবসায়ী, শিল্পপতিদের পাশাপাশি রাজ্য পুলিশের ডিজি ও কলকাতা পুলিশ কমিশনারও উপস্থিত ছিলেন। তাঁদের উদ্দেশে মুখ্যমন্ত্রী বলেন, ''অনেক ব্ল্যাক লিস্টেড প্রোমোটার আছে, যারা টাকা নিয়ে নেয় কিন্তু বাড়ি দেয় না। সম্প্রতি এরকম অনেক ঘটনা সামনে আসছে। ডিজি ও পুলিশ কমিশনারকে অনুরোধ, এই ধরনের অভিযোগ এলে কড়া পদক্ষেপ করুন এবং তাঁদের ব্ল্যাক লিস্টেড করুন।'' একইসঙ্গে আবাসন ব্যবসায়ীদের প্রতি মুখ্যমন্ত্রীর অনুরোধ, ''যারা অর্থনৈতিকভাবে পিছিয়ে রয়েছে, বাড়ি নেই, তাদের জন্য বাড়ি করে দিন। সেটা দামি নয়, একটু সস্তায় করে দিন, যাতে তারা কিনতে পারে।'' অন্যদিক, কর্মসংস্থান সৃষ্টির ব্যাপারেও ক্রেডাই-কে অগ্রণী ভূমিকা নেওয়ার বার্তা দেন মুখ্যমন্ত্রী। তাঁর স্পষ্ট বার্তা, ''মেডিক্যাল কলেজ, টাউনশিপ, যা খুশি করতে পারেন। তবে কত কর্মসংস্থান সৃষ্টি করতে পারবে, সে বিষয়ে স্পষ্ট রূপরেখা দিতে হবে।'' বর্তমানে ক্ষুদ্র ও মাঝারি শিল্পই অগ্রাধিকার বলেও জানান মুখ্যমন্ত্রী। এদিন মুখ্যমন্ত্রী বলেন, ''আমাদের ছেলেরা খুব ভাল নির্মাণ কাজ করে। সেজন্য অনেকে তাঁদের নিয়ে চলে যায়। বেশি টাকার জন্য তাঁরা ভিন রাজ্যে চলে যান। কিন্তু সেখানে তাদের সুরক্ষা থাকে না।'' তাই এবার পরিযায়ী শ্রমিক তথা বাংলার ছেলেদের সুরক্ষা দিতে বিশেষ উদ্যোগী হলেন মুখ্যমন্ত্রী। বর্তমানে রিয়েল এস্টেট ক্ষেত্রে ৪৪ লক্ষের বেশি কর্মী কাজ করে। আগামী দিনে এই ব্যবসা আরও অগ্রগতি ঘটবে জানিয়ে বাংলার পরিযায়ী শ্রমিকদের রাজ্যে ফিরিয়ে আনার ব্যাপারে শিল্পপতিদের উদ্যোগী হওয়ার বার্তা দিলেন মুখ্যমন্ত্রী। এ ব্যাপারে রাজ্য সরকার সব রকম সহায়তা করবে বলে জানিয়ে তিনি বলেন, ''আমরা পরিযায়ী শ্রমিকদের একটি অ্যাপ করেছি। আমি ডেটা ব্যাঙ্ক দিয়ে দেব। ১৫ লক্ষের বেশি শ্রমিকের তালিকা দেব। সেটা দেখে যারা বাইরে আছে তাদের নিয়ে আসুন। যারা বাইরে কাজ করছে তাঁরা দক্ষ।'' যদিও অনেকেই বেশি টাকার লোভে ভিন রাজ্যে কাজ করতে যেতে আগ্রহী। সেক্ষেত্রে তাদের নিরাপত্তা-সহ অন্যান্য বিষয়গুলি নিয়ে বোঝাতে হবে বলেও পরামর্শ দেন মুখ্যমন্ত্রী। সোমবার মমতা বলেন, ''কখনও কখনও কিছু কিছু লোক আপনাদের উত্যক্ত করবে। এটা নতুন কিছু নয়। শুধু আপনাদের নয়, কিছু এজেন্সি দিয়ে বারবার সমস্ত ব্যবসায়ীদের হেনস্থা করা হচ্ছে। আমার পরিবারও এই হেনস্থার শিকার হচ্ছে। যদিও আমি সারা জীবনে কখনও এক পয়সা, এক কাপ চা কারও কাছ থেকে নিইনি। এটা এক রকম রাজনৈতিক প্রতিহিংসা। একে বেশি গুরুত্ব দেবেন না। আমি বুঝতে পারি না, আপনি যদি কিছু কেনেন, ধরুন সেটা কাপ আর প্লেট, ইডি কি তার তদন্ত করতে পারে?'' মমতার মন্তব্যকে কটাক্ষ করে সিপিএম নেতা সুজন চক্রবর্তী বলেন, ''মমতা বন্দ্যোপাধ্যায়ের পরিবারের কালীঘাটে ৩৬টা সম্পত্তি হল কী করে? তাদের পরিবারের আয়ের উৎস কী? মুখ্যমন্ত্রী তো আগে ৫ লক্ষ টাকায় একটা ছবি বিক্রি করতেন। এখন আর তাঁর ছবি বিক্রি হয় না কেন? উনি নিজে জানেন যে উনি কী ভাবে তোলাবাজি করেছেন। অন্যকে ছুঁয়ে দিয়ে নিজের কৃতকর্মের দায় তাদের ঘাড়ে চাপানোর চেষ্টা করছেন।'' বিজেপি নেতা শমীক ভট্টাচার্য বলেন, ''গত বিধানসভা নির্বাচনের পর থেকে আমাদের প্রায় ১৫০ কর্মী তৃণমূলের হাতে খুন হয়েছেন। মুকুল রায়, অর্জুন সিং আমাদের দলে এসেছিলেন বলে তাদের বিরুদ্ধে মুঠো মুঠো মামলা দিয়েছেন। কেন্দ্রীয় সরকার মমতা বন্দ্যোপাধ্যায়ের সঙ্গে একই রকম আচরণ করলে এতক্ষণ তাঁর আর মুখ্যমন্ত্রী থাকতে হত না।''

সম্মতি দিয়েও পরে আপত্তি?

'এক নির্বাচন' কমিটি বিতর্কের কেন্দ্রে অধীর চৌধুরি, জানতে চাইলেন 'সোর্স'

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বরঃ 'এক দেশ, এক নির্বাচন' কমিটি নিয়ে বিতর্ক অব্যাহত। কেন্দ্রের গঠিত প্যানেলে সদস্য হতে অস্বীকার করেছেন কংগ্রেসের লোকসভার দলনেতা অধীররঞ্জন চৌধুরী। তবে, রবিবার সরকার তথা বিজেপি দাবি করেছে, কমিটির সদস্যদের নাম ঘোষণার আগে এই বিষয়ে সম্মতি নেওয়া হয়েছিল অধীরের। কংগ্রেস নেতা সম্মতি দিয়েছিলেন। এবার, এই অভিযোগ ওড়ালেন অধীর। সোমবার এই প্রসঙ্গে অধীর চৌধুরী বলেছেন, ''এই অভিযোগের সূত্র কী, সরকারকে বলতে হবে।'' অধীর চৌধুরী জানিয়েছেন, কমিটি গঠনের আগের রাতে তাঁকে ফোন করা হয়েছিল ঠিকই, তবে, তিনি সদস্য হওয়ার বিষয়ে সম্মতি দেননি। তাঁর দাবি, কমিটি গঠনের আগের দিন, রাত ১১টায় প্রধানমন্ত্রীর দফতরের মুখ্য সচিব প্রমোদ কুমার মিশ্র তাঁকে ফোন করে এক দেশ এক নির্বাচন প্রস্তাবের বিষয়ে সরকারের কমিটি গঠনের কথা জানান। তাঁকে সেই কমিটিতে

রাখা হচ্ছে, সেই কথাও জানিয়েছিলেন তিনি। কিন্তু, অধীর চৌধুরীর দাবি, তিনি আগে এই বিষয়ে সমস্ত নথিপত্র চেয়েছিলেন। সেই সকল নথি খতিয়ে দেখে তবে কমিটির সদস্য হওয়ার বিষয়ে তিনি সিদ্ধান্ত নেবেন বলে জানিয়েছিলেন। কিন্তু, কার্যক্ষেত্রে তাঁকে কোনও নথিপত্র না পাঠিয়েই কমিটির সদস্য হিসেবে তাঁর নাম ঘোষণা করে দেওয়া হয়। অধীর বলেছেন, ''সরকারের হাতে পেগাসাস আছে। সিবিআই-ইডি আছে। ঠিক বলছি কি না, ফোন রেকর্ড খতিয়ে দেখুক সরকার। ভুল বলে থাকলে জেলে পুড়ুক।'' শনিবার (২ সেপ্টেম্বর), সরকারে পক্ষ থেকে, প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে এই কমিটি গঠন করা হয়েছিল। বিরোধী দলগুলির পক্ষ থেকে শুধুমাত্র সদস্য করা হয় অধীর চৌধুরীকে। প্রধান বিরোধী শক্তি কংগ্রেসের সভাপতি তথা রাজ্যসভার বিরোধী দলনেতা মল্লিকার্জুন খাড়্গেকে কমিটিতে রাখা হয়নি। শনিবার রাতেই কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে চিঠি লিখে অধীর চৌধুরী জানিয়েছিলেন, তিনি এই কমিটির সদস্য হবেন না। এই কমিটি গঠনের পিছনে কেন্দ্রের উদ্দেশ্য নিয়েই প্রশ্ন তুলে দেন তিনি। কেন্দ্রের এই পদক্ষেপকে তিনি 'সাংবিধানিক সন্দেহজনক, বাস্তবসম্মতভাবে অসম্ভাব্য' বলেছিলেন। লোকসভা নির্বাচনের মাত্র কয়েক মাস আগে এই বিষয়ে আকস্মিক চর্চা শুরু করার পিছনে সরকারের কোনও গোপন উদ্দেশ্য থাকতে পারে বলে উদ্বেগ প্রকাশ করেছিলেন তিনি। খাড়্গেকে কমিটিতে না রাখাটা সংসদীয় গণতন্ত্রের অপমান বলে জানিয়েছিলেন তিনি। কমিটিতে রয়েছেন প্রাক্তন রাষ্ট্রপতি রাম নাথ কোবিন্দ, স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, অধীররঞ্জন চৌধুরী ছাড়া আছেন, রাজ্যসভার প্রাক্তন বিরোধী নেতা গুলাম নবি আজাদ, অর্থ কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এনকে সিং, লোকসভার প্রাক্তন মহাসচিব সুভাষ সি কাশ্যপ, বিশিষ্ট আইনজীবী হরিশ সালভে এবং প্রাক্তন মুখ্য ভিজিল্যান্স কমিশনার সঞ্জয় কোঠারি। এছাড়া, বিশেষ আমন্ত্রিত হিসাবে কমিটির বৈঠকগুলিতে যোগ দেবেন আইনমন্ত্রী অর্জুন রাম মেঘওয়াল।

কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা দেওয়া বন্ধ কেন? ১৫ দিনে রাজ্যের হলফনামা চাইল হাইকোর্ট

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৪ সেপ্টেম্বরঃ কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ সুবিধা পাচ্ছেন না রাজ্যের মানুষ। বন্ধ রেখেছে রাজ্য সরকার। বিকল্প ব্যবস্থা করে কেন্দ্রীয় প্রকল্পের সুযোগ-সুবিধা থেকে সাধারণ মানুষকে বঞ্চিত করা হচ্ছে। এই অভিযোগ জানিয়ে হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। সোমবার প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ রাজ্যের কাছে জানতে চেয়েছে, কেন কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা দেওয়ার ব্যবস্থা বন্ধ করা হল। রাজ্যকে আগামী ১৫ দিনের মধ্যে হলফনামা দিয়ে জানাতে হবে কেন তারা এই পদক্ষেপ করল। আদালতের পর্যবেক্ষণ, রাজ্য বিকল্প ব্যবস্থা গ্রহণ করলেও তা কেন্দ্রীয় ব্যবস্থার সমকক্ষ নয়। প্রধান বিচারপতি বলেন, ''রাজ্য যে বাংলা সহায়তা কেন্দ্র তৈরি করেছে আদালতের কাছে তার কাজ স্পষ্ট নয়।'' হলফনামাতে তা স্পষ্ট করার নির্দেশ দিয়েছে আদালত। হাইকোর্টে জনস্বার্থ মামলায় সুকান্ত মজুমদার জানান, মোদি সরকারের বিভিন্ন প্রকল্প থেকে রাজ্যের মানুষকে বঞ্চনার জন্য 'রাজ্য সার্ভিস সেন্টার' (সিএসসি) বন্ধ করে দিয়েছে রাজ্য সরকার। রাজ্য প্রায় ৪০ হাজার সিএসসি বন্ধ করা হয়েছে। তার পরিবর্তে বাংলা সহায়তা কেন্দ্র চালু করে নবান্ন। তিনি দাবি করেন, ওই কেন্দ্রগুলি বন্ধ হয়ে যাওয়ার ফলে প্রায় দেড় লক্ষ ছেলে ছেলে মেয়ে কাজ হারিয়েছেন। প্রায় ২০০টি কেন্দ্রীয় প্রকল্পের সুবিধা পাওয়া জন্য সাধারণ মানুষকে সাহায্য করত ওই সিএসসিগুলি। ২০২০ সালে ওই কেন্দ্রগুলি তুলে দেয় রাজ্য সরকার আদালতের কাছে তাঁর আবেদন, আবার কেন্দ্রগুলি চাল হোক। একই সঙ্গে সুকান্ত মজুমদারের দিকে প্রশ্নবাণ ছুড়ে দিয়েছে আদালত। প্রধান বিচারপতি প্রশ্ন করেন, ''মামলাকারী গত তিন বছরে আদালতে আসেনি কেন? কী কারণে তিনি এত দেরি করলেন? উনি তো সাংসদ। চাইলে সংসদেও তিনি বিষয়টি উত্থাপন করতে পারতেন। করলেন না কেন?'' ১৫ দিনের মধ্যে রাজ্যকে হলফনামা দিয়ে তার যুক্তি আদালতকে জানাতে হবে।

রাজ্যপালকে শুভেন্দুর পরামর্শ

বিশ্ববিদ্যালয়গুলিতে মোতায়েন করুন কেন্দ্রীয় বাহিনী

দুরন্ত বার্তা, নন্দীগ্রাম, ৪ সেপ্টেম্বরঃ ব্রাত্য বসুর আক্রমণের পালটা বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগ ইস্যুতে রাজ্যপালের পাশে দাঁড়ালেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। সোমবার নন্দীগ্রামে সাংবাদিকদের মুখোমুখি হয়ে রাজ্যপাল সিভি আনন্দ বোসের কাছে রাজ্যের বিশ্ববিদ্যালয়গুলিতে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবি জানান তিনি। সোমবার শুভেন্দু বলেন, ''মহামান্য রাজ্যপাল যা করেছেন আইন মেনেই করেছেন। এরা বেআইনি করেছিল বলে কোর্টে হেরেছে। রাজ্যপালের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে এরা হাইকোর্টে গেছিল, হেরেছে। সুপ্রিম কোর্টে গেছিল। সুপ্রিম কোর্টও কোনও স্থগিতাদেশ দেয়নি। সুপ্রিম কোর্ট মামলা গ্রহণ করেছে। শুনানি হবে বলে জানিয়েছে। সুপ্রিম কোর্ট কোনও স্থগিতাদেশ না দেওয়ার ফলে রাজ্যপাল যা করছেন, তা আইন মেনেই করছেন। তাঁকে দেওয়া ক্ষমতা অনুসারেই করছেন।'' প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শুভ্রকমল মুখোপাধ্যায়ের প্রতি শুভেন্দুর আবেদন, ''মাননীয় শুভ্রকমলবাবু একজন প্রতিষ্ঠিত আইনজ্ঞ ও বিচারপতি। ওনাকে বলব, আইন অনুসারে কড়া

পদক্ষেপ গ্রহণ করুন। এই উশৃঙ্খল হার্মাদদের বিশ্ববিদ্যালয়ের বাইরে বের করার ব্যবস্থা করুন।'' সঙ্গে রাজ্যপালকে তাঁর পরামর্শ, ''রাজ্যপাল মহোদয়কে বলব, আপনার হাতে যথেষ্ট আইন আছে। প্রয়োজন হলে বিশ্ববিদ্যালয়ে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করুন। বিশ্বভারতীতে যেমন আছে, তেমন ভাবে সিআইএসএফ মোতায়েন করে এই উশৃঙ্খলাতে ৬ মাসের জন্য টাইট দিয়ে দিন, ৫০ বছর সব ঠিক থাকবে। একবার আইন মেনে ভেঙে গুঁড়িয়ে দিতে হবে।'' সোমবার এক সাংবাদিক বৈঠকে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ না করে রাজ্যের একাধিক বিশ্ববিদ্যালয়ে অস্থায়ী উপাচার্য নিয়োগ করায় রাজ্যপালকে তীব্র আক্রমণ করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। রাজ্যপালকে জেমস বন্ড থেকে গোপাল ভাঁড় কিছুই বলতে বাকি রাখেননি তিনি।''

তদন্তে ঢিলেমি কেন? কুন্তলের চিঠি মামলায় সিবিআই-কে ভর্ৎসনা বিচারকের

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ নিয়োগ দুর্নীতিকাণ্ডে অন্যতম অভিযুক্ত কুন্তল ঘোষের চিঠি মামলায় সিবিআই-কে ভর্ৎসনা আলিপুর বিশেষ আদালতের। একই সঙ্গে ভর্ৎসনার মুখে কলকাতা পুলিশও। আলিপুর বিশেষ আদালতের বিচারক অর্পণ চট্টোপাধ্যায় এই মামলায় তৎপরতা বাড়াতে বলেছেন কলকাতা পুলিশের (ক্রাইম) যুগ্ম কমিশনার ও সিবিআই-এর জয়েন্ট ডিরেক্টরকে। সম্প্রতি, কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ ও সিবিআইকে যৌথ তদন্তের নির্দেশ দিয়েছিল আলিপুর আদালত। কুন্তল ঘোষ ও তাঁর স্ত্রী-র বয়ান রেকর্ড করার পাশাপাশি যাঁদের বিরুদ্ধে অভিযোগ অর্থাৎ সিবিআই ও ইডি আধিকারিকদেরও বয়ান রেকর্ডের নির্দেশ দেওয়া হয়। সেই বয়ান রেকর্ডের পূর্ণাঙ্গ একটি রিপোর্ট ২১ তারিখের মধ্যে থার্ড জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সামনে পেশ করার কথা বলা হয়। বাস্তবে দেখা যাচ্ছে, সেই দিন ধার্য করার ক্ষেত্রে অনেকাংশে একটা ঢিলেমো রয়েছে। যুগ্ম কমিশনারের দাবি, তিনি সিবিআই-এর তরফ থেকে পূর্ণাঙ্গ সাহায্য পাচ্ছে না। এরপর ১ সেপ্টেম্বর অর্পণ চট্টোপাধ্যায় কড়া ভাবে নির্দেশ দেন সিবিআই এবং কলকাতা পুলিশ দুপক্ষই যেন অভিযুক্ত এবং অভিযোগকারীদের নিয়ে বসেন। তাঁদের বয়ান রেকর্ড করে রিপোর্ট পেশ করেন। উল্লেখ্য, প্রাক্তন তৃণমূল যুব নেতা প্রেসিডেন্সি জেলে বন্দি থাকাকালীন জেলে বসে চিঠি লিখেছিলেন। তাঁর অভিযোগ ছিল, কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকরা তাঁর মুখ দিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম বলানোর জন্য চাপ দিচ্ছে। ধৃত কুন্তল ঘোষ আদালতে যাওয়ার পথে দাবি করেছিলেন, তাঁর মুখ দিয়ে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম বলানোর জন্য চাপ দিচ্ছেন। সেই মামলার জল গড়ায় আদালত পর্যন্ত।

৩২ হাজার চাকরি খারিজের মামলায় হাইকোর্টে বহাল রইল সুপ্রিম স্থগিতাদেশ

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের ৩২ হাজার চাকরি বাতিলের নির্দেশে সুপ্রিম কোর্টের দেওয়া স্থগিতাদেশ বহাল রাখল কলকাতা হাইকোর্ট। সোমবার বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ এই নির্দেশ দিয়েছে। এর ফলে মামলাটির নিষ্পত্তি না হওয়া পর্যন্ত কারও চাকরি যাচ্ছে না। মে মাসে রাজ্যে ৩২ হাজার প্রাথমিক শিক্ষকের চাকরি বাতিলের নির্দেশ দিয়েছিলেন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়। অ্যাপটিটিউড টেস্ট ছাড়াই তাদের নম্বর দিয়ে চাকরিতে নিয়োগ করা হয়েছিল বলে চাকরি বাতিল করা হয়েছে বলে রায়ে জানান তিনি। সঙ্গে আদালতে নিয়োগে বিভিন্ন দুর্নীতি প্রমাণিত হয়েছে বলে উল্লেখ করেন তিনি। আদালতের এই নির্দেশের পরে রাজ্য

জুড়ে শোরগোল পড়ে যায়। বিচারপতি গঙ্গোপাধ্যায়ের রায়কে চ্যালেঞ্জ করে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হন চাকরি খোয়ানোর ভয়ে থাকা শিক্ষকরা। সুপ্রিম কোর্ট বিচারপতি গঙ্গোপাধ্যায়ের রায়ে স্থগিতাদেশ দিয়ে সেই মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠায়। সোমবার বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চে মামলাটির শুনানি শুরু হয়েছে। এদিন আদালতে সওয়াল করেন প্রাথমিক শিক্ষা সংসদের আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায়। এর পর বিচারপতি সৌমেন সেনের ডিভিশন বেঞ্চ জানায়, এই মামলায় সুপ্রিম কোর্টের স্থগিতাদেশ বজায় থাকবে। এছাড়া এই মামলায় নিম্ন আদালতে যে সব নথি জমা পড়েছে তা চেয়ে পাঠিয়েছেন তিনি। আগামী ৪ অক্টোবর মামলাটির ফের শুনানি হবে বলে জানিয়েছেন আদালত।

বঙ্গোপসাগরে নিম্নচাপের ভ্রুকুটি

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে তৈরি হয়েছে ঘূর্ণাবর্ত। আগামী ২৪ ঘণ্টার মধ্যেই তা পরিণত হতে চলেছে নিম্নচাপে। ফলে বাংলার পাশাপাশি বৃষ্টিতে ভিজতে চলেছে ওড়িশাও। এমনই খবর হওয়া অফিস সূত্রে। দক্ষিণবঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের পূর্বাভাস থাকলেও ওড়িশায় ভারী থেকে অতিভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। আগামী ৭ সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণববঙ্গে মোটের উপর একই ছবি দেখা যাবে বলে জানাচ্ছে আবহাওয়া দফতর।

কাটল না ১৬ ফাইলের জট

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ নিয়োগ দুর্নীতির তল্লাশি চালাতে গিয়ে ইডি অফিসার এমন ফাইল ডাউনলোড করলেন, যার সঙ্গে মামলার কোনও সম্পর্ক নেই বলে অভিযোগ। সেই ১৬টি ফাইল নিয়ে জট কাটল না এখনও। হাইকোর্ট নির্দেশ দেওয়া সত্ত্বেও সেই ফাইল পেশ করা গেল না হাইকোর্টে। অভিযোগ, ফাইলের প্রিন্ট আউট নিতে পৌঁছয়নি কলকাতা পুলিশের অফিসার। ফরেনসিক ল্যাবরেটরি অর্থাৎ যাদের ওই ফাইল খতিয়ে দেখার দায়িত্ব দেওয়া হয়েছিল, তারা জানিয়েছে, কলকাতা পুলিশের কেউ না থাকায় তারা প্রিন্ট আউট দিতে পারেনি। আজ বিচারপতি তীর্থঙ্কর ঘোষ এই বিষয়টা নিশ্চিত করতে বলেন যে ওই ফাইল কোনও তদন্তে ব্যবহার করা যাবে না।

ভাইয়ের পড়াশোনার যাবতীয় দায়িত্ব নেবে সরকার, যাদবপুরের মৃত ছাত্রের মা পেতে চলেছেন চাকরি

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ চলে গিয়েছে এক ছেলে, রয়েছে আর এক। সূত্রের খবর, যাদবপুরের মৃত ছাত্রের সেই ভাইয়ের পড়াশোনার যাবতীয় দায়িত্ব নিতে চলেছে সরকার। একইসঙ্গে তাঁর মাকে সরকারের তরফে একটি চাকরি দেওয়া হবে বলেও ঠিক হয়েছে। নবান্ন সূত্রে জানা যাচ্ছে এমনই। যাদবপুরের ছাত্রমৃত্যুর তদন্তে জোরকদমে তদন্ত চালাচ্ছে পুলিশ। গ্রেফতার করা হয়েছে ১৩ জনকে। এদিন ফের দোষীদের শাস্তি চেয়ে নবান্নের দ্বারস্থ হয়েছিলেন যাদবপুরের মৃত ছাত্রের বাবা-মা। এসেছিলেন তাঁদের বেশ কিছু শুভাকাঙ্ক্ষীও। সেখানেই স্ত্রীকে পাশে বসিয়ে অঝোরে কেঁদে ফেলেন ওই মৃত ছাত্রের বাবা। দোষীদের কড়া শাস্তি চাইতে চাইতেই বলেন, ''একটা ফুলের মতো মতো ছেলে। ফুলটাকে তারা তুলে শেষ করে দিল। বাঁচিয়ে রাখলে বাবা বলে ডাকতে পারতাম। হাত-পা ভেঙে রেখে দিলেও আমরা আমাদের সন্তানকে হারাতাম না। তাকে সম্পূর্ণরূপে মেরে ফেলল। আমাদের বুকটা শুকিয়ে গিয়েছে। আমরা কী করে এখন গোটা জীবনটা থাকব!'' প্রসঙ্গত, এদিন আবার কলকাতা পুলিশ কমিশনার বিনীত গোয়েলকে ডেকে পাঠান মুখ্যমন্ত্রী। তদন্তে যাতে কোনও খামতি না থাকে সে কথাও বলেন। একইসঙ্গে দোষীরা যাতে দৃষ্টান্তমূলক শাস্তি পান সে বিষয়টিও দেখতে বলেন। পুলিশ তদন্তে যে তাঁরা খুশি তা বলেন মৃত ছাত্রের বাবা। অন্যদিকে যাদবপুরের মৃত ছাত্রের নামেই নামাঙ্কিত হতে চলেছে বগুলা গ্রামীণ

হাসপাতালের নাম। তাঁর স্মৃতিরক্ষায় বসতে চলেছে মূর্তি। সূত্রের খবর, সরকারি তরফে ইতিমধ্যেই এই সিদ্ধান্তও নেওয়া হয়েছে। মৃত পড়ুয়ার বাবা-মা বলেন, ''সন্তানের মৃত্যুর বিচার চাইতে আমরা এসেছিলাম দিদির কাছে। দিদি আশ্বাস করেছেন বিচার হবে, অপরাধীদের শাস্তি হবে। বিনীত গোয়েল স্যারকে ডেকেছিলেন, বলেছেন যেন শাস্তি পায়। সারাজীবন আমরা কীভাবে থাকব? দিদি আমাদের খুব ভাল। দিদি আমাদের ভরসা দিয়েছেন। বগুলা গ্রামের স্মৃতি উন্নয়ন হসপিটাল ওখানে আমাদের মৃত ছেলের নাম বসবে। দু তিনদিনের মধ্যেই বোর্ড লাগবে। ছোট ভাইয়ের এর পড়াশোনা উনি দেখবেন বলে জানিয়েছেন। সমস্ত দিক দিয়ে উনি দেখবেন বলেছেন।''

'জেমস বন্ড মার্কা আচরণ করছেন', রাজ্যপাল বোসকে বিঁধলেন শিক্ষামন্ত্রী বসু

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বরঃ রাজ্যের ১৬টি বিশ্ববিদ্যালয়ের রাজ্যপাল তথা আচার্যের উপাচার্য নিয়োগ, আর তা ঘিরে চরমে সংঘাত। উপাচার্য নিয়োগের ২৪ ঘণ্টার মধ্যেই সাংবাদিক বৈঠক করলেন রাজ্যের শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। রাজ্যপালকে তীব্র আক্রমণ করলেন তিনি। উঠে এল ধনখড় জমানার প্রসঙ্গও। শিক্ষামন্ত্রী বললেন, ''জগদীপ ধনখড় যে সময়ে রাজ্যপাল ছিলেন, তখন অন্ততপক্ষে আলোচনার পরিসর ছিল। কিন্তু এখনকার রাজ্যপাল তো জেমস বন্ডের মতো আচরণ করছেন। বর্তমান রাজ্যপাল জেমন বন্ডের মতোই নিঃশব্দ প্রহেলিকার মতো কাজ করে চলেছেন।'' ব্রাত্য বসু বলেন, ''উচ্চ শিক্ষা দফতর, মুখ্যমন্ত্রীকে অগ্রাহ্য করে, তাঁদের তোয়াক্কা না করে, রাজ্যপাল এক তরফাভাবে উপাচার্য নিয়োগ করছেন। কখনও সেই উপাচার্যকে তিনি বিতাড়িত করছেন, কখনও আবার তিনি নতুন উপাচার্য নিয়ে আসছেন। কখনও তাঁকেও আবার তাঁর পছন্দ হচ্ছে না।'' রাজ্যপালের বিরুদ্ধে উপাচার্য নিয়োগের ক্ষেত্রে পক্ষপাতিত্বমূলক আচরণেরও অভিযোগ তোলেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, ''নির্দিষ্টভাবে উপাচার্য নিয়োগের ক্ষেত্রে যাঁরা সরকারি পোষিত অধ্যাপক, যাঁরা সরকারের সঙ্গে সহযোগিতা করে চলেন, তাঁদের সাসপেন্ড করার হুমকি দিচ্ছেন। একটা সম্পূর্ণভাবে তালিবানি মনোভাব। আগের রাজ্যপালদের সঙ্গে 'ডায়ালগ' হত। এখন শুধুই 'মনোলগ'।'' রাজ্যপাল সিভি আনন্দ বোসকে রাজা কৃষ্ণচন্দ্রের সভা বিদূষকের সঙ্গেও তুলনা করেন তিনি। তাঁর কথায়, ''আমার মনে হচ্ছে আমাদের প্রাচীন রাজা কৃষ্ণচন্দ্র তাঁর রাজসভার শ্রেষ্ঠ বিদূষকটিকে এখানে রাজ্যপাল করে পাঠিয়েছেন। তাঁর আত্মাকে পুনর্জাগ্রত করা হয়েছে।'' আচার্য উপাচার্য নিয়োগের ক্ষেত্রে এক্তিয়ার বহির্ভূত কাজ করে চলেছেন বলে অভিযোগ করেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, ''আচার্যের এক্তিয়ার বিশ্ববিদ্যালয়ের অ্যাক্ট-অর্ডিন্যান্স দিয়ে সুনির্দিষ্ট। তিনি এই বিধির অভিভাবক। কিন্তু যেভাবে তিনি বিশ্ববিদ্যালয়গুলির আইন সম্পূর্ণভাবে অগ্রাহ্য করছেন। বিশ্ববিদ্যালয়ের আইন লঙ্ঘন করে একের পর এক উপাচার্য নিয়োগ করে চলেছেন। আচার্য কীভাবে রাজ্য সরকারের

সঙ্গে কথা না বলে উপাচার্য নিয়োগ করতে পারেন?'' রাজ্যপাল একের পর এক নিয়ম ভেঙেছেন। আর সেক্ষেত্রে রাজ্যপালের বিরুদ্ধে আইনি পদক্ষেপ করার কথাও বলেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, ''এই রাজ্যপাল নিয়ম ভেঙে একের পর এক সিদ্ধান্ত নিয়েছেন। ওই সব সিদ্ধান্তের বিরুদ্ধে আমরা আদালতে যাব।'' ব্রাত্য বলেন, ''রাজ্যপাল সুনির্দিষ্ট ভাবে কেন্দ্রের প্রতিনিধি হয়ে এসে রাজ্যের শিক্ষা ব্যবস্থা যা গোটা দেশের মধ্যে সব থেকে উঁচুর দিকে রয়েছে ধ্বংস করতে বদ্ধপরিকর।'' ব্রাত্য বলেন, ''বিশ্ববিদ্যালয়ের কোনও বিধি আচার্য লঙ্ঘন করতে পারেন না। বিশ্ববিদ্যালয়ের আইন লঙ্ঘন করছেন রাজ্যপাল। ইন্ডিয়া জোটকে এরা ভয় পাচ্ছে। এদের মনে হচ্ছে ইন্ডিয়া জোট বিপদে ফেলতে পারে।''তাঁর কথায়, ''আমি আচার্যের কাছে আবেদন করব, সরকারের সঙ্গে আলোচনার টেবিলে আসুন। বিদূষকের আচরণ এখানে আমাদের সঙ্গে করবেন না। উচ্চশিক্ষার সম্মান নষ্ট হচ্ছে তাতে।'' প্রসঙ্গত, উপাচার্য নিয়োগ নিয়ে রাজ্য-রাজ্যপালের সংঘাত এখন তুঙ্গে। রাজভবনের তরফ থেকে গত কয়েকদিন ধরে একের পর এক নির্দেশিকা জারি হয়েছে। এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, রাজ্যে উপাচার্যহীন বিশ্ববিদালগুলিতে অন্তবর্তীকালীন উপাচার্যের ভূমিকা পালন করবেন আচার্য স্বয়ং। যা নিয়ে বিতর্ক কম হয়নি। রাজ্যপাল কীভাবে আচার্য থাকাকালীন আবার উপাচার্য হতে পারেন, তা নিয়ে বিধানসভার বাইরে দাঁড়িয়ে প্রশ্ন তুলেছিলেন শিক্ষামন্ত্রী। তিনি সুপ্রিম কোর্টের দ্বারস্থ হওয়ারও কথা বলেছিলেন। সম্প্রতি সংঘাতের আবহেই বাকি ১৬টি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করেন রাজ্যপাল। আর তাতেই রাজ্যপালের বিরুদ্ধে বিস্ফোরক শিক্ষামন্ত্রী।

স্থায়ী উপাচার্য পেল বর্ধমান বিশ্ববিদ্যালয়

বর্ধমান,৪সেপ্টেম্বরঃদীর্ঘদিন পর অবশেষে স্থায়ী উপাচার্য পেল বর্ধমান বিশ্ববিদ্যালয়। সোমবার দায়িত্ব ভার গ্রহন করেই বিশ্ববিদ্যালয়ের সমস্ত সমস্যার সমাধান করে দেবেন বলে দাবী করলেন নতুন উপাচার্য ডঃ গৌতম চন্দ্র। এদিন সাংবাদিকদের মুখোমুখি হয়েই তিনি বলেন, যাদবপুর সহ কলকাতার অন্যান্য বিশ্ববিদ্যালয় গুলির তুলনায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ের পরিবেশগত পার্থক্য রয়েছে। তিনি নিজে যখন বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন তখন কোন র‍্যাগিং এর সম্মুখীন হননি এবং এই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপনাকালেও কোন র‍্যাগিং এর ঘটনা শোনেনি। বর্ধমান বিশ্ববিদ্যালয় একটা ব। পরিবার, এখানে প্রত্যেকের সাথে আলোচনা ও সুসম্পর্ক স্থাপনের মাধ্যমেই সমস্ত সমস্যার সমাধান করা যাবে বলে আশাবাদী নতুন উপাচার্য। বিশ্ববিদ্যালয়ের নতুন উপাচার্য ড. গৌতম চন্দ্র এই বিশ্ববিদ্যালয়েরই জুওলজি বিভাগের অধ্যাপক হিসাবে দীর্ঘদিন ধরে কর্মরত ছিলেন। বেশ কয়েকমাস ধরে স্থায়ী উপাচার্য না থাকায় বর্ধমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে অরাজকতা সৃষ্টি হয়েছিল। এতে স্নাতকস্তরে বিভিন্ন সেমিস্টারের পরীক্ষা হয়ে গেলেও ফলাফল প্রকাশ করতে পারেনি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এর ফলে ভর্তির সমস্যা দেখা গিয়েছিল। ছাত্র-ছাত্রী থেকে অধ্যাপকরা স্থায়ী উপাচার্যের দাবীতে আন্দোলন শুরু করেছিল।

বিয়েবাড়িতে বন্দুক বাজের হামলায় মৃত ২

অটোয়া, ৪ সেপ্টেম্বর ঃ কানাডায় বিয়েবাড়িতে বন্দুকবাজের হামলা। আনন্দের মাঝেই হামলায় মৃত্যু হল দু'জনের। গুরুতর আহত আরও ছ'জন। স্থানীয় সময় শনিবার রাতে এলোপাথাড়ি গুলি চলে বিয়েবাড়িতে। তবে এখনও বন্দুকবাজের হদিশ মেলেনি। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে

মহাপুরুষ মাধবদেবের ৪২৭-তম তিরোধান তিথি

বটদ্রবা (অসম), ৪ সেপ্টেম্বর ঃ সোমবার মহাপুরুষ মাধবদেবের ৪২৭-তম তিরোধান তিথি। মাধবদেবের তিরোধান তিথি উপলক্ষ্যে রাজ্যের সব থান, সত্র হরিনামের অমল ধ্বনিতে মুখরিত। গোটা রাজ্যের সঙ্গে সংগতি রেখে শ্রীমন্ত শংকরদেবের জন্মস্থান বটদ্রবা থানও মুখরিত হয়েও উঠেছে হরিনাম ও ' মাধবদেবের কীর্তন'-ধ্বনিতে।ভাদ্র মাসে ১৭ তারিখ শ্রীমন্ত শংকরদেবের প্রিয় শিষ্য মাধবদেবে তিরোধান তিথিতে সম্পূর্ণ ধরমীয় পরম্পরায় গত কাল থেকে শ্রীশ্রী বটদ্রবা থানে শুরু হয়েছে ' মাধবদেবের কীর্তন'।কালি ঘোষা কীর্তন, গন্ধ গোয়া ইত্যাদি বিভিন্ন অনুষ্ঠানের পর সোমবার ভোরে ' কোবোয়া' প্রসঙ্গ, মঞ্জিরা নাম, মহিলাদের পরিবেশিত আইনাম প্রভৃতি নানা উপাচারে পরম্পরাগত অনুষ্ঠান অনুষ্ঠিত হচ্ছে। এছাড়া আজ সকাল থেকে দ্বিতীয় বৈকুণ্ঠ বলে পরিচিত বটদ্রবায় বিভিন্ন স্থান পুণ্যার্থীর আগমন ঘটছে।

রাজ্য সড়কে বাইকে বাইকে মুখোমুখি সংঘর্ষ

তনুজ জৈন,মালদাঃসাত সকালে ভালুকা রাজ্য সড়কে বাইকে বাইকে মুখোমুখি সংঘর্ষ, ঘটনাস্থলে প্রাণ গেল এক মাখনা শ্রমিকের। গুরুতর আহত আরো এক। মৃত যুবকের নাম নিবারণ মহলদার বয়স (১৯)। আহত যুবক হলেন ঘন্টু মহলদার। আহত যুবককে গুরুতর অবস্থায় চাঁচল সুপার স্পেশালিটি হসপিটালে ভর্তি করা হয়েছে। পেশায় দুজনেই মাখনা শ্রমিক বলে জানা গিয়েছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে সোমবার সকাল ৭ টা নাগাদ ভালুকা এলাকার সেভেন্টি মোরে এই দুর্ঘটনাটি ঘটেছে। স্থানীয় বাসিন্দারা জানাচ্ছেন সকাল বেলায় তালসুরের দিক থেকে নিবারণ মহালদার এবং ঘন্টু মহালদার বাইকে চেপে গোবরা হাটের দিকে যাচ্ছিলেন। সেভেনটি মোড়ের কাছে এসে রাস্তার উপরে থাকা একটি মহিষকে পাস কাটাতে গিয়ে তারা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে। সেই সময় উল্টো দিক থেকে আরেকটি মোটরসাইকেল আসছিল দ্রুত গতিতে। সেই মোটরসাইকেল সজোরে গিয়ে নিবারণ বাবুদের মোটরসাইকেলে ধাক্কা মারে। ঘটনাস্থলেই মৃত্যু হয় নিবারণ মহলদারের। গুরুতর আহত অবস্থায় দীর্ঘক্ষণ রাস্তায় পড়ে থাকেন ঘন্টু হালদার। এরপরই স্থানীযদের তৎপরতায় আহত ঘন্টুকে চাঁচল সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। এদিকে, দুর্ঘটনার পরে ঘাতক মোটরসাইকেলটি দ্রুত বেগে এলাকা ছেড়ে পালিয়ে যায়। ঘটনার খবর পেয়ে এলাকায় ছুটে আসে পুলিশ। তারা ঘাতক মোটর সাইকেলের খোঁজে এলাকা জুড়ে তল্লাশিতে নেমেছে বলে পুলিশ সূত্রে খবর।

মহাত্মা গান্ধী সমগ্র বিশ্বের জন্য অমূল্য উপহার, বাপুর আদর্শ ও মূল্যবোধ চিরন্তনঃরাষ্ট্রপতি

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর ঃনতুন দিল্লির রাজঘাটের কাছে 'গান্ধী ভাটিকা'-র শুভ উদ্বোধন করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। পাশাপাশি জাতির জনক মহাত্মা গান্ধীর ১২ ফুটের একটি মূর্তির আবরণ উন্মোচন করেছেন রাষ্ট্রপতি। রাজঘাটে মহাত্মা গান্ধীর স্মৃতিসৌধের কাছে গান্ধী দর্শন চত্বরে অবস্থিত রয়েছে গান্ধীজির এই ১২ ফুটের মূর্তিটি। সোমবারের এই অনুষ্ঠানে দিল্লির উপ-রাজ্যপাল ভি কে সাক্সেনাও উপস্থিত ছিলেন। রাষ্ট্রপতি নিজের বক্তৃতায় এদিন বলেছেন, মহাত্মা গান্ধী সমগ্র বিশ্বের জন্য অমূল্য উপহার, বাপুর আদর্শ ও মূল্যবোধ চিরন্তন। গান্ধীজির দেখানো পথে চললে বর্তমানেও বিশ্ব শান্তির লক্ষ্য অর্জন করা সম্ভব।রাষ্ট্রপতি বলেছেন, গান্ধীজী জনজীবনের পাশাপাশি ব্যক্তিগত জীবনেও পরিচ্ছন্নতার ওপর অনেক জোর দিয়েছিলেন। তিনি বিশ্বাস করতেন, নৈতিকতার জোরে অহিংসার মাধ্যমে হিংসার মোকাবিলা করা যায়।..গান্ধীজির কাছে গোটা বিশ্ব ছিল একটি পরিবার। এখন জি-২০-র নেতৃত্ব দেওয়ার সময়, ভারত বিশ্ব-ভ্রাতৃত্ব, বিশ্ব-সহযোগিতা এবং বিশ্ব-শান্তি উন্নীত করার চেষ্টা করছে। আমি নিশ্চিত যারা জি-২০ সম্মেলনে যোগ দিতে এসেছেন তারা 'গান্ধী দর্শনে' আসবেন এবং গান্ধীজি সম্পর্কে জানতে পারবেন।রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আরও বলেছেন, গান্ধীজির আদর্শ ও মূল্যবোধ আজও আমাদের দেশ ও সমাজের জন্য অত্যন্ত প্রাসঙ্গিক। আমাদের প্রয়াস হওয়া উচিত যে প্রতিটি নাগরিক, বিশেষ করে যুবক ও শিশুরা গান্ধীজি সম্পর্কে যতটা সম্ভব অধ্যয়ণ করে, তার ধারণাগুলিকে জানে এবং একত্রিত করে।

অপরিশোধিত তেল ব্যারেল প্রতি ৮৯ ডলারের কাছাকাছি, পেট্রোল ও ডিজেলের দাম স্থিতিশীল

নয়াদিল্লি, ৪ সেপ্টেম্বর ঃ আন্তর্জাতিক বাজারে অপরিশোধিত তেলের দাম ঊর্ধ্বমুখী। আজ ব্রেন্ট অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি প্রায় ৮৯ এবং ডব্লিউটিআই অপরিশোধিত তেলের দাম ব্যারেল প্রতি ৮৬ ডলারের কাছাকাছি। যদিও সোমবারও সরকারি খাতের তেল ও গ্যাস বিপণন সংস্থাগুলি পেট্রোল ও ডিজেলের দামে কোনও পরিবর্তন করেনি।ইন্ডিয়ান অয়েলের ওয়েবসাইট অনুসারে, সোমবার দিল্লিতে পেট্রোল প্রতি লিটার ৯৬.৭২ টাকা এবং ডিজেল প্রতি লিটার ৮৯.৬২ টাকায বিক্রি হচ্ছে। মুম্বইতে এক লিটার পেট্রোল পাওয়া যাচ্ছে ১০৬.৩১ টাকায এবং ডিজেল প্রতি লিটার ৯৪.২৭ টাকায়। চেন্নাইতে এক লিটার পেট্রোলের দাম ১০২.৬৩ টাকা এবং ডিজেলের ৯৪.২৪ টাকা। কলকাতায় এক লিটার পেট্রোলের দাম ১০৬.০৩ টাকা আর ডিজেলের দাম ৯২.৭৬ টাকা। ভ্যাট এবং

দিল্লিতে জি-২০ সম্মেলনে থাকছেন না জিনপিং, হতাশ বাইডেন

ওয়াশিংটন, ৪ সেপ্টেম্বর ঃ আগামী সপ্তাহে দিল্লিতে জি-২০ সম্মেলন। আসছেন বিশ্বের তাবড় নেতারা। তবে আসছেন না রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও চিনা প্রেসিডেন্ট শি জিনপিং। জিনপিংয়ের যোগ না দেওয়ার খবরে হতাশা প্রকাশ করেছেন মার্কিন প্রেসিডেন্টট জো বাইডেন।রবিবার ডেলাওয়ারের এক সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে এ বিষয়ে তাঁর প্রতিক্রিয়া, আমি খুবই অসন্তুষ্ট, তবে শিগগিরই আমাদের দেখা হবে। এরপর স্বাভাবিক প্রশ্ন, তাহলে কোথায় মুখোমুখি হবেন বাইডেন-জিনপিং? সূত্রের খবর, আগামী নভেম্বরে আমেরিকার সান ফ্রান্সিসকোতে বসছে এপিইসি শীর্ষ সম্মেলন। সেখানেই জিনপিংকে আমন্ত্রণ জানানো হতে পারে। আর তিনি এপিইসি বৈঠক এড়াতে পারবেন না বলেই মনে করছেন মার্কিন প্রেসিডেঃট।রবিবারই খবর প্রকাশ্যে এসেছিল যে আগামী ৯ ও ১০ সেপ্টেম্বর দিল্লিতে জি-২০ সম্মেলনে আসতে পারবেন না চিনা প্রেসিডেন্ট শি জিনপিং। একটি সূত্রে খবর, তাঁর জায়গায় সম্মেলনে যোগ দেবেন চিনা প্রিমিয়ার লি কিয়াং। আবার অপর সূত্রের দাবি, দিল্লির জি-২০ বৈঠকে যোগ দিতে কোন প্রতিনিধি পাঠানো হবে, তা এখনও স্থির করেনি চিন । সে প্রতিনিধি যিনিই হোন না কেন, খোদ চিনা প্রেসিডেন্টের গরহাজির থাকার খবর একেবারেই যেন মেনে নিতে পারছে না আমেরিকা। ওয়াকিবহাল মহলের মত, আসলে ভারতের মাটিতে জি-২০ বৈঠক আয়োজিত হওয়ায় চিন-আমেরিকা নিজেদের মধ্যে তাইওয়ান ইস্যুতে আলোচনা সেরে নেওয়ার পরিকল্পনা ছিল বাইডেনের। তা ধাক্কা খাওয়ায় হয়ত কিছুটা হতাশ তিনি।ভারত-চিন সীমান্তে সম্প্রতি কূটনৈতিক শীতলতা বিরাজ করছে। আর সেই পরিপ্রেক্ষিতেই জিনপিং দিল্লির বৈঠক এড়াচ্ছেন বলে মত বিশেষজ্ঞদের একাংশের। আবার অন্যদিকে, আমেরিকার সঙ্গে চিনের সম্পর্কের তিক্ততা মিটতেও যেন মিটছে না। গত বছরের নভেম্বরের ইন্দোনেশিয়ার বালিতে জি-২০ সম্মেলনে আলাদাভাবে কথা বলেছিলেন বাইডেন ও জিনপিং। তা ছিল দ্বিপাক্ষিক সুসম্পর্কের উদ্যোগ। কিন্তু তারপরই চিনের নজরদারি বেলুন মার্কিন সীমা পেরনো ইস্যুতে ফের একপ্রস্ত তিক্ততা তৈরি হয় দুইদেশের সম্পর্কে। তার উপর তাইওয়ান ইস্যু তো রয়েইছে। এসবের মধ্যে চিনা প্রেসিডেন্ট দিল্লির বৈঠক এড়ানোয় অসন্তুষ্ট আমেরিকা।

বিজেপি মহিলা কর্মীকে বেধড়ক মারধর করল বিজেপি নেতা

জয়দীপ মৈত্র,দক্ষিণ দিনাজপুরঃভরা মিটিংয়ে এক বিজেপি মহিলা কর্মীকে বেধড়ক মারধর করল বিজেপি নেতা। ঘটনাটি ঘটেছে দক্ষিণ দিনাজপুর জেলার গঙ্গারামপুরের বিজেপি দলীয় কার্যালয়ে।জানা গিয়েছে, দক্ষিণ দিনাজপুর জেলা বিজেপির সাধারণ সম্পাদক পদে রয়েছে গঙ্গারামপুরের ২ নাম্বার ওয়ার্ডের বেলবাড়ি এলাকার বাসিন্দা কানাই বিশ্বাস।রবিবার রাত্রে গঙ্গারামপুরের কালীতলা বিজেপি দলীয় কার্যালয়ে একটি মিটিং চলছিল সেখানেই হঠাই এক বিজেপির কর্মী সাগরিকা কর্মকার নামক মহিলা ঘর আটকে মারধর করেন বিজেপি নেতা কানাই বিশ্বাস বলে জানা গিয়েছে। যার বেশ কিছুক্ষন পর অন্যান্য বিজেপি কর্মীরা ওই মহিলাকে গঙ্গারামপুর সুপার স্পেশালিটি হাসপাতালে ভর্তি করে। তবে কি কারণে ওই মহিলা কর্মীকে মারধোর করল বিজেপি নেতা কানাই বিশ্বাস তা স্পষ্টভাবে জানা যায়নি।

বঙাইগাঁওয়ের অভয়াপুরী পণ্যবাহী গাড়িতে অগ্নিসংযোগ, ধৃত দুর্বৃত্ত

বঙাইগাঁও (অসম), ৪ সেপ্টেম্বরঃরাস্তারা পাশে রাখা ছিল পণ্যবাহী ইন্টারা ভি ১০ চার চাকার গাড়ি। ওই গাড়িতে অগ্নিসংযোগ করে ভস্ম করে দিয়েছে কোনও এক দুর্বৃত্ত। ঘটনাটি সংগঠিত হয়েছে রবিবার রাতে বঙাইগাঁও জেলার অন্তর্গত অভয়াপুরীর কেন্দ্রীয় নারিকেল ফার্মের কাছে।ইতমধ্যে তদন্তে নেমে পুলিশ আজ সকালে অভয়াপুরীর শিঙিমারি মাজপাড়ার বাসিন্দা জনৈক নীরেন রায় নামের দুস্কৃতীকে আটক করেছে। পুলিশ জানিয়েছে, অভিযুক্ত নীরেন রায় কেন্দ্রীয় নারিকেল ফার্মের একজন কর্মচারী। অগ্নিকাণ্ডে ভস্মীভূত গাড়ির নম্বর এএস ২৬ সি ৯৪৫৫। এদিকে ঘটনার খবর পেয়ে রাতেই ইঞ্জিন নিয়ে অগ্নিনির্বাপক বাহিনী গিয়ে গাড়ির আগুন নেভাতে ঝাঁপিয়ে পড়ে। ততক্ষণে গাড়ির ৯০ শতাংশ পুড়ে ছাই হয়ে গেছে।

জেইউ-র রেজিস্ট্রারকে হুমকি চিঠি! কোচবিহারের 'অধ্যাপক' রানা রায় গ্রেফতার

কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারকে হুমকি চিঠি পাঠানোর ঘটনায় কোচবিহারের এক অধ্যাপককে গ্রেফতার করল পুলিশ। ধৃতের নাম-রানা রায়। রবিবার রাতে ওড়িশার ভুবনেশ্বরের একটি হোটেল থেকে কলকাতা পুলিশ গ্রেফতার করেছে অভিযুক্তকে। যদিও যে মামলায় তাঁকে গ্রেফতার করা হয়েছে, তার সঙ্গে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নাকি কোনও যোগ নেই।উল্লেখ্য, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্নেহমঞ্জু বসুকে হুমকি চিঠি দেওয়ার ঘটনায় গত শনিবারই মামলা রুজু করেছিল পুলিশ। যাদবপুর থানায় ভারতীয় দণ্ডবিধির ৫০৬, ৫০৯ এবং ৩৪ ধারায় মামলা রুজু করা হয়েছিল। ঠিক তার দু'দিনের মাথাতেই গ্রেফতার করা হল তাকে। পুলিশ সূত্রে খবর, বেলগাছিয়ার এক মহিলার অভিযোগের ভিত্তিতে এই গ্রেফতারি। নিজেকে ' বলে দাবি করা এই রানার বাড়ি বেলগাছিয়ায় হলেও তিনি কোচবিহারে থাকতেন। সেখানকারই একটি কলেজের শিক্ষক তিনি। তবে বেলগাছিয়ার ওই আবাসনেও নিয়মিত আসা যাওয়া ছিল তাঁর।

মুম্ব্রা বাইপাস রোডে দাউদাউ করে জ্বলে উঠল চলন্ত গাড়ি, প্রাণে বাঁচলেন ৭ জন আরোহী

থানে, ৪ সেপ্টেম্বর ঃমহারাষ্ট্রের থানে জেলায় মুম্ব্রা বাইপাস রোডে দাউদাউ করে জ্বলে উঠল একটি চলন্ত গাড়ি। আগুনের লেলিহান শিখায় গাড়িটি সম্পূর্ণ পুড়ে গিয়েছে। ওই গাড়িতে একই পরিবারের ৭ জন সদস্য ছিলেন, সকলকে নিরাপদে উদ্ধার করা হয়েছে। থানে পৌর নিগমের পক্ষ থেকে সোমবার সকালে জানানো হয়েছে, রবিবার রাত দশটা নাগাদ মুম্ব্রা বাইপাস রোডের ওপর একটি চলন্ত গাড়িতে আগুন ধরে যায়। ওই গাড়িতে থাকা ৭ জনকে উদ্ধার করা হয়। মুহূর্তের মধ্যেই গাড়িটি আগুনের গ্রাসে চলে যায়। গাড়িটি পুড়ে ছাই হয়ে গিয়েছে, তা বলাই বাহুল্য। থানে পৌর নিগমের দুর্যোগ ব্যবস্থাপনা সেলের প্রধান ইয়াসিন তারভি বলেছেন, ওই গাড়িতে দুই মহিলা, একজন পুরুষ ও তিনটি শিশু ছিল, আগুন লাগা মাত্রই গাড়ি থেকে তাঁদের উদ্ধার করা হয়। দমকলের চেষ্টায় আগুন নিভলেও, গাড়িটি ভস্মীভূত হয়ে গিয়েছে।

মাতৃদর্শনের জন্যও এবার চালু হচ্ছে পুলিশের বিশেষ অ্যাপ

দুরন্ত বার্তা,৪সেপ্টেম্বরঃ আসন্ন দূর্গাপুজোকে শহর বাসীর কাছে আরো আকর্ষনীয় করে তুলতে লালবাজার আনছে বিশেষ এক অ্যাপ। কোন মণ্ডপের সামনে কত মানুষের লাইন, কোন মন্ডপে ভিড়। কতটা সেদিকে নজর রাখবে পুলিশের বিশেষ অ্যাপ ও সফটওয়্যার। সেইমতো কোনও বড় পুজো মণ্ডপে ভিড় থাকলে কতক্ষণ পর গেলে ঠাকুর দেখা সহজ হবে, সেই তথ্য জানতে পারবেন দর্শনার্থীরা। রাস্তার মোড়ে বৈদ্যুৎতিন স্ক্রিনও সোশ্যাল মিডিয়ায় তা দর্শনার্থীদের জানিয়ে দেবে লালবাজার। এই বছর পুজোয় কয়েক লাখ মানুষের ভিড় হবে বলে অনেকটাই নিশ্চিত পুলিশ। সাধারণভাবে পুজোর মাস দুই আগে থেকেই কোন পুজো কমিটি কী থিম তৈরি করছে, পুলিশ তা জানার চেষ্টা করে। যদিও পুলিশের দাবি, কোনও পুজো কমিটিই সহজে থিম জানাতে চায় না। তবে পুজোয় ' সার্কুলেশন' পুলিশের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই এই বছর থেকেই দর্শনার্থীদের সুবিধার জন্যই নতুন পদ্ধতি চালু করছে লালবাজার।সাধারণভাবে দর্শনার্থীরা গাড়ি করে বা হেঁটে একটি মণ্ডপের দিকে যাওয়ার সময় জানতে পারেন না যে, সেই মণ্ডপে কত ভিড় রয়েছে বা মণ্ডপের সামনে কতজন দর্শনার্থীর লাইন রয়েছে। অথচ দর্শনার্থীদের এই তথ্য আগাম জানা থাকলে, সেই বিশেষ মণ্ডপে তখন তাঁরা যাবেন না। ওই মণ্ডপ এড়িয়ে তাঁরা অন্য মণ্ডপে যেতে পারবেন। সেই ভাবনা নিয়েই এই বছর লালবাজার চালু করছে ' কিউ ওয়েটিং টাইম অ্যান্ড ডিসপ্লে সিস্টেম'। সম্প্রতি এই ব্যাপারে লালবাজারের কর্তারা একটি বৈঠক করেন। তাতেই এই পদ্ধতি চালু করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হয়। লালবাজার জানিয়েছে, এই কুড়িটি মণ্ডপে তৈরি থাকবে কলকাতা পুলিশের বিশেষ টিম। টিমের হাতে থাকবে নিজস্ব ক্যামেরা। ওই ক্যামেরার সঙ্গে সংযুক্ত থাকবে জিপিএস, বিশেষ সফটওয়্যার ও অ্যাপ।

KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER

ABRIDGED NIT

The Executive Engineer (Civil), BR-VIII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/BR-VIII/086/022/2023-2024/R
Name of the work: **Development of common open courtyard by providing cement concrete in Bustee 6 No. Garcha 1st Lane and 3 No. Lake Camp in Ward No.-086.** Estimated cost (including GST and CESS): ₹ **2,49,526.20.** Earnest money: ₹ **5,000.00.** Period of completion: **30 days.**

(2) NIT No. : KMC/EE(C)/BR-VIII/086/021/2023-2024/D
Name of the work: **Restoration of footpath at P558/2 Panditiya Extn. Road, 18/48 Dover Lane, 112A Southern Avenue etc. disturbed by CESC and Natural Wear & Tear in Ward No.-086.** Estimated cost (including GST and CESS): ₹ **4,47,327.74.** Earnest money: ₹ **9,000.00.** Period of completion: **90 days.**

(3) NIT No. : KMC/EE(C)/BR-VIII/086/018/2023-2024/R
Name of the work: **Painting of kerb channel at Purna Das Road, Hindusthan Park, Lake Road, Dover Lane, Hindusthan Road, Garcha 1st Lane etc. in Ward No.-086.** Estimated cost (including GST and CESS): ₹ **3,48,054.18.** Earnest money: ₹ **7,000.00.** Period of completion: **60 days.**

(4) NIT No. : KMC/EE(C)/BR-VIII/069/018/2023-2024/R
Name of the work: **Repairing and maintenance of drainage system at 35/1 Paddapukur Road, 14 16 Deodar Street etc. in Ward No.-069.** Estimated cost (including GST and CESS): ₹ **2,99,605.68.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **210 days.** Last date and time of submission of bid: **16.09.2023 - 12 noon (For Sl. No. 1 to 4).** Date of opening of tender: **19.09.2023 - 12 noon (For Sl. No. 1 to 4).** The bid forms and other details are available on and from **07.09.2023 (5 pm) (For Sl. No. 1 to 4).**

(5) NIT No. : KMC/EE(C)/BR-VIII/088/017/2023-2024/R
Name of the work: **Painting of road side kerb stones at different Roads in Ward No.-088.** Estimated cost (including GST and CESS): ₹ **2,74,516.55.** Earnest money: ₹ **5,500.00.** Period of completion: **120 days.**

(6) NIT No. : KMC/EE(C)/BR-VIII/090/012/2023-2024/R
Name of the work: **Providing and fixing M.H., I.P., G.P., C.P. Cover etc in different locations in Ward No.-90.** Estimated cost (including GST and CESS): ₹ **1,49,659.78.** Earnest money: ₹ **3,000.00.** Period of completion: **90 days.** Last date and time of submission of bid: **18.09.2023 - 12 noon (For Sl. No. 5 & 6).** Date of opening of tender: **20.09.2023 - 12 noon (For Sl. No. 5 & 6).** The bid forms and other details are available on and from **08.09.2023 (5 pm) (For Sl. No. 5 & 6).** The website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 6).**

The Executive Engineer (Civil), BR-XIV, KMC invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/XIV/130(O)/029/23-24/OFC (1st Call)
Name of the work: **Regular maintenance & housekeeping works (Duration six month/Aug '23 to Jan '24) at Old Block, New Block & Annex Building-1 in S.S. Unit.** Estimated cost (including only CESS): ₹ **3,72,382.96.** Earnest money: ₹ **7,500.00.** Period of completion: **180 days.** Last date of submission of bid: **16.09.2023 (Up to 11 am).** Tender will be opened on: **18.09.2023 (11 am).** The bid forms and other details are available on and from **08.09.2023 (from 5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Civil), BR-X, KMC invites online percentage rate tenders in two bid system for the following works:

(1) NIT No. : EEC/BX/081/028/2023-2024/R
Name of the work: **Maintenance of IPS footpath near 22, 43, BL-H, 38, 23/A, BL-B, 9A, BL-E, New Alipore, etc. in Ward No.-81, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **2,62,089.76.** Earnest money: ₹ **5,242.00.** Time of completion: **90 days.**

(2) NIT No. : EEC/BX/081/029/2023-2024/R
Name of the work: **Maintenance of paver block footpath near 4B, 4A, 1/2B T. C. Road, 73, 78 T. G. Road, 28, 32 D. P. S. Road etc. in Ward No.-81, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **2,67,239.19.** Earnest money: ₹ **5,345.00.** Time of completion: **90 days.**

(3) NIT No. : EEC/BX/081/030/2023-2024/R
Name of the work: **Maintenance of sanitary latrine near 1/A, 1/B, 16, Mondal Temple Lane, 2B, 85 to 88 Chetla Road, 22, 33 T. C. Road, etc. in Ward No.-81, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **1,99,925.88.** Earnest money: ₹ **4,000.00.** Time of completion: **90 days.**

(4) NIT No. : EEC/BX/081/031/2023-2024/R
Name of the work: **Maintenance of sanitary latrine near 56/1, 1C, 61D, 63G, 63L, 74 to 81 Tollygunge Road, 28 & 4 D. P. S. and surrounding area in Ward No.-81, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **1,99,942.80.** Earnest money: ₹ **4,000.00.** Time of completion: **90 days.**

(5) NIT No. : X/097/012/2023-2024/R
Name of the work: **Maintenance of Rabindra Nazrul Community Hall by providing false ceiling along with other allied works near Wireless Park in Ward No.-97, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **4,08,270.26.** Earnest money: ₹ **8,170.00.** Time of completion: **90 days.**

(6) NIT No. : X/098/016/2023-2024/R
Name of the work: **Improvement of road by providing kerb and channels along with other allied works near 1/16 Sanghati Colony etc. in Ward No.-98, BR-X.** Estimated value (including GST and CESS): ₹ **4,16,227.12.** Earnest money: ₹ **8,330.00.** Time of completion: **90 days.** Last date and time of submission of bid: **14.09.2023 - 12 noon (For Sl. No. 1 to 6).** Date and time of opening of bid: **16.09.2023 - 12 noon (For Sl. No. 1 to 6).** The bid forms and other details are available on and from **05.09.2023 (from 5 pm) (For Sl. No. 1 to 6).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 6).**

The Executive Engineer (Civil), BR-V, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-V/036/015/2023-2024
Name of the work: **Repairing of footpath and passage at Dr. M.N. Chatterjee Sarani and A.P.C. Road etc. places in Ward No.-36.** Estimated cost (including GST and CESS): ₹ **3,42,831.41.** Earnest money: ₹ **7,000.00.** Period of completion: **60 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-V/037/20/2023-2024
Name of the work: **Restoration of paver block footpath and passages at K.C. Sen Street, R.R. Sarani and etc. places in Ward No.-037.** Estimated cost (including GST and CESS): ₹ **3,55,906.19.** Earnest money: ₹ **7,200.00.** Period of completion: **30 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-V/044/22/2023-2024/D
Name of the work: **Patch repairing & restoration of footpath at College Street, Dr. Lalit Banerjee Sarani in Ward No.-44.** Estimated cost (including GST and CESS): ₹ **3,35,571.83.** Earnest money: ₹ **7,000.00.** Period of completion: **45 days.**

(4) NIT No. : KMC/EE(C)/Br-V/044/21/2023-2024/D
Name of the work: **Restoration of road surface to be disturbed by KMC Water Supply Department along Zakaris Street from C. R. Avenue to Mandir Street in Ward No.-44.** Estimated cost (including GST and CESS): ₹ **2,58,452.85.** Earnest money: ₹ **5,400.00.** Period of completion: **30 days.**

(5) NIT No. : KMC/EE(C)/Br-V/043/20/2023-2024
Name of the work: **Repairing of I.P.S footpath at Dolai Dutta Street etc. in Ward No.-043.** Estimated cost (including GST and CESS): ₹ **2,96,920.54.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **45 days.**

(6) NIT No. : KMC/EE(C)/Br-V/042/10/2023-2024
Name of the work: **Repairing of paver block footpath at M.G. Road (Southern side) in Ward No.-42.** Estimated cost (including GST and CESS): ₹ **3,25,445.54.** Earnest money: ₹ **6,600.00.** Period of completion: **45 days.**

(7) NIT No. : KMC/EE(C)/Br-V/042/15/2023-2024
Name of the work: **Repairing of bathing platform at Cotton Street and different places in Ward No.-042 under Borough-V.** Estimated cost (including GST and CESS): ₹ **3,49,629.49.** Earnest money: ₹ **7,000.00.** Period of completion: **45 days.**

(8) NIT No. : KMC/EE(C)/Br-V/042/17/2023-2024
Name of the work: **Repairing of passage at 146 M.G. Road, 171 M.G. Road and different places in Ward No.-042 under borough-V.** Estimated cost (including GST and CESS): ₹ **2,99,525.31.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **28 days.**

(9) NIT No. : KMC/EE(C)/Br-V/043/22/2023-2024
Name of the work: **Repairing footpath at M.G. Road (Southern side) in Ward No.-43.** Estimated cost (including GST and CESS): ₹ **3,11,911.53.** Earnest money: ₹ **6,400.00.**Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **16.09.2023 - 11 am (For Sl. No. 1 to 9).** Date and time of opening of tender: **18.09.2023 - 11 am (For Sl. No. 1 to 9).**

(10) NIT No. : KMC/EE(C)/Br-V/045/12/2023-2024/D
Name of the work: **Patch repairing & restoration of footpath at N.S. Road from X-ing of Brabourne Road to X-ing of India Exchange place in Ward No.-45.** Estimated cost (including GST and CESS): ₹ **2,64,233.31.** Earnest money: ₹ **5,500.00.** Period of completion: **45 days.** Last date and time of submission of bid: **14.09.2023 - 11 am.** Date and time of opening of tender: **16.09.2023 - 11 am.** The bid forms and other details are available on and from **05.09.2023 (5 pm) (For Sl. No. 1 to 10).** The website **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 10).**

The Executive Engineer (Civil/HQ), KMC invites online percentage rate tender in two bid system for the following work:
NIT No. : KMC/DG(C)/EE(C/HQ)/037/2023-24, Dated - 04.09.2023
Name of the work: **Repairing, painting and other ancillary civil works of Vigilance Department at 8th Floor of HUDCO Building.** Estimated cost (including GST & LWC): ₹ **2,97,300.00.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **21 days.** Last date and time of submission of bid: **16.09.2023 at 11 am.** The bid forms and other details are available on and from **08.09.2023 (5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Civil), BR-XV, KMC invites tender online percentage rate two bid system for the following works:

(1) NIT No. : KMC/EE(C)/Br-XV/134/031/2023-2024/D
Name of the work: **Restoration of paver block footpath and passage with allied works at Paharpur Road, Alif Nagar, Bangla Basti etc. near Premises No. J535, G362/D, G25 etc. in Ward No.-134, BR-XV.** Estimated cost (including GST and CESS): ₹ **2,96,797.07.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **90 days.**

(2) NIT No. : KMC/EE(C)/Br-XV/134/040/2023-2024/R
Name of the work: **Cleaning of blocked drain by deployment of labour with allied works at Meher Manzil area and other area in Ward No.-134, BR-XV.** Estimated cost (including GST and CESS): ₹ **2,43,582.72.** Earnest money: ₹ **5,000.00.** Period of completion: **90 days.**

(3) NIT No. : KMC/EE(C)/Br-XV/134/044/2023-2024/R
Name of the work: **Improvement of surface drain with allied works at Shahi Asthabol and other location near Premises No. F23, G54, G355/1 etc. in Ward No.-134, BR-XV.** Estimated cost (including GST and CESS): ₹ **2,92,658.35.** Earnest money: ₹ **6,000.00.** Period of completion: **60 days.**

(4) NIT No. : KMC/EE(C)/Br-XV/133/036/2023-2024/R
Name of the work: **Development of sewer system with allied works at Village Road near Premises No. J188, J188/H in Ward No.-133, BR-XV.** Estimated cost (including GST and CESS): ₹ **2,18,576.19.** Earnest money: ₹ **4,400.00.** Period of completion: **60 days.**

(5) NIT No. : KMC/EE(C)/Br-XV/133/027/2023-2024/R
Name of the work: **Development of sewer system with allied works at Halder Para Lane and other location near Premises No. N42/A, N45/A, N94/1 etc. in Ward No.-133, BR-XV.** Estimated cost (including GST and CESS): ₹ **4,57,216.76.** Earnest money: ₹ **9,200.00.** Period of completion: **90 days.** Last date and time of submission of bid: **18.09.2023-11 am (For Sl. No. 1 to 5).** Date of opening of tender: **20.09.2023 - 11 am (For Sl. No. 1 to 5).** The bid forms and other details are available on and from **08.09.2023 (5 pm) (For Sl. No. 1 to 5).** The website: **https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 5).**

The Director General (Civil), KMC invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/EE(C)/BR-XI/113/009/23-24/R
Name of the work: **Desilting of drainage system at Vidyasagar Park & surrounding areas in Ward No.-113.** Estimated amount: ₹ **2,94,102.77.** Earnest money: ₹ **5,900.00.** Period of completion: **30 days.** Last date and time of submission of bid: **18.09.2023 - 12 noon.** The tender will be opened on: **20.09.2023.** The bid forms and other details are available on and from **08.09.2023 (5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Civil), BR-IX, KMC invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/IX/078/031/2023-2024 (1st Call)
Name of the work: **Maintenance of existing sewer line at 30, 39, 28, 1A, 4, Ekbalpore Lane, 4/3, 4/2, 5/2, B.K. Road and its surrounding areas in Ward No.-78.** Estimated amount (including GST & CESS): ₹ **4,98,239.30.** Earnest money: ₹ **10,000.00.** Period of completion: **60 days.** Last date and time of submission of bid: **18.09.2023 - 12 noon.** Tender will be opened on: **20.09.2023 - 12 noon.** The bid forms and other details are available on and from **05.09.2023 (5 pm)** from the website **https://etender.wb.nic.in**

The Executive Engineer (Civil), BR-XIII, KMC invites tender online percentage rate two bid system for the following work:
NIT No. : KMC/116/017/23-24/C (1st Call)
Name of the work: **Maintenance of road by laying of hot mix works at Bye Lane of B.C. Roy Road near Premises No. 28A, 10/Z, 3, 21 etc. in Ward No.-116.** Work value: ₹ **4,57,793.41.** Earnest money: ₹ **9,500.00.** Period of completion: **30 days.** Last date of submission of bid: **16.09.2023 (Up to 11 am).** Tender will be opened on: **18.09.2023 (11 am).** The bid forms and other details are available on and from **05.09.2023 (from 5 pm)** from the website **https://etender.wb.nic.in** (679/23-24)

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,৪সেপ্টেম্বর ঃমঙ্গলবার, ১৮ভাদ্র মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৫সেপ্টেম্বর ২০২৩, ৫৩৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ১৮ ভাদ্র মাস, চান্দ্র ৭ মধুসুধন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাম্ব, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১৮ ভাদ্র মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ ১৮ ভাদ্র মাস ১৯৪৪, মৈতৈঃ ১৪ শজিবু, আসামঃ২৬ চ'ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অন্নপুর্ণাপুজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুক্ল পক্ষ ।তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবণিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৩৭৩৮৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅতিগণ্ড অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৩ পর্যন্ত, তারপর ১২ঃ৫৩ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৩ঃ০৬ঃ০২ থেকে - ০৩ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৩ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত। কুলিক বেলাঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪৩ঃ৫২ পর্যন্ত। কুলিক রাত্রিঃ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত। গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১২৪৪৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৩ (২৫) ৩ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩২.৩ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৮.০৪ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৯০শতকরা এবং ৬৩শতকরা। বৃষ্টি হয়েছে সোমবার । জোয়ার-সকাল ৭টা ২০ মিনিট এবং রাত৭টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৫ টা ১৯মনিটে এবং সূর্য অস্ত যাবে ঃ ৬ টা ১২ মিনিটে।

রাশিফল

মেষরাশিঃদ্বন্দ্ব এড়িয়ে চলুন কারণ এটি আপনার অসুস্থতা বাড়িয়ে তুলতে পারে। আপনি বাড়ির চারপাশের ছোট ছোট জিনিসগুলিতে আজ প্রচুর ব্যয় **বৃষভ রাশিঃ**আপনার মুগ্ধকারী আচরণ মনোযোগ আকর্ষণ করবে। সংসারে শান্তি আসবে। **মিথুন রাশিঃ**আপনার ব্যক্তিত্ব উন্নত করার জন্য আন্তরিক চেষ্টা করুন। আজ, আপনি আপনার ভাই বা বোনের সাহায্য থেকে **কর্কট রাশিঃ**এমন ক্রিয়াকলাপে নিজেকে নিয়োজিত করুন যা আপনাকে আপনার শান্তভাব বজায় রাখতে সাহায্য করবে। **সিংহ রাশিঃ**আজ আপনার জন্য খুব একটা উচ্চ-ক্ষমতাসম্পন্ন দিন নয় এবং আপনি ছোট ছোট বিষয়েই বিরক্ত হয়ে উঠবেন। আজ, আপনার অযথা অতিরিক্ত **কন্যা রাশিঃ**কিছু মানসিক চাপ থাকা সত্ত্বেও স্বাস্থ্য সুন্দর থাকবে। **তুলা রাশিঃ**আজ, আপনার স্বাস্থ্য সুস্থ হবে বলে আশা করা হচ্ছে। আপনার সুস্বাস্থ্যের কারণে আপনি আজ আপনার বন্ধুদের **বৃশ্চিক রাশিঃ**আপনার দীর্ঘস্থায়ী অসুস্থতা সারাতে হাসি চিকিসা ব্যবহার করুন কারণ এটি সব সমস্যার সেরা প্রতিষেধক। **ধনু রাশিঃ**খুশিতে ভরা ভালো দিন। আজ, আপনি আপনার ভাই বা বোনের সাহায্য থেকে সুবিধা পেতে পারেন।শুভদিন **মকর রাশিঃ**আপনি আপনার দিন যোগ এবং ধ্যান দিয়ে শুরু করতে পারেন। এটি করা আপনার পক্ষে উপকারী হবে এবং আপনি সারা **কুম্ভ রাশিঃ** শ্রেষ্ঠতর জীবনের জন্য আপনার স্বাস্থ্য এবং সামগ্রিক ব্যক্তিত্ব উন্নত করার চেষ্টা করুন **মীন রাশিঃ**স্বাস্হ্য ভালোই থাকবে। বিনিয়োগের পরামর্শ দেওয়া হচ্ছে কিন্তু সঠিক উপদেশের খোঁজ করুন। বন্ধুরা সন্ধ্যেবেলার জন্য আকর্ষণীয় কিছু পরিকল্পনা করে আপনার দিনটি উজ্জ্বল করে তুলবে। আজ ভালোবাসার ক্ষেত্রে আপনার বিবেচনা করার শক্তি ব্যবহার করুন। আপনি বুঝতে পারবেন

আজ থেকে শুরু হলো হাওড়া সিটি পুলিশের বিশেষ কর্মসূচি 'তেজস্বিনী'র প্রশিক্ষণ শিবির

দুরন্ত বার্তা, হাওড়া, ৪ সেপ্টেম্বর ঃ ছাত্রীদের আত্মসুরক্ষিত করতে হাওড়া সিটি পুলিশের বিশেষ কর্মসূচি 'তেজস্বিনী'র প্রশিক্ষণ শিবির ৪ঠা সেপ্টেম্বর সোমবার থেকে শুরু হলো। এই শিবির উত্তর হাওড়া সহ কমিশনারেট এলাকার মোট চারটি কেন্দ্রে করা হয়েছে। এদিন লিলুয়া থানা এলাকার ওই প্রশিক্ষণ শিবিরের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিসি নর্থ অনুপম সিং, এসিপি নর্থ আবদুল গাফফার সহ হাওড়া সিটি পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা। ডিসি নর্থ অনুপম সিং জানান, এই 'তেজস্বিনী' কর্মসূচি হাওড়া সিটি পুলিশের মাননীয় কমিশনার জানুয়ারিতে শুরু করেছিলেন। ৩০শে জানুয়ারি থেকে শুরু করে ১২ই ফেব্রুয়ারি পর্যন্ত প্রথম ফেজে ভালো সাড়া পাওয়া গিয়েছিল। অনেক স্কুল থেকে আবার এই অনুষ্ঠানের জন্য অনুরোধ আসছিল। সেই জন্য দ্বিতীয় ফেজের এই অনুষ্ঠান এদিন ৪ঠা সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে। হাওড়া কমিশনারেট এলাকার চারটি জায়গায় এই অনুষ্ঠান হচ্ছে। তার মধ্যে একটি উত্তর হাওড়ায় হয়েছে। এই প্রোগ্রামে ভালো সাড়া পাওয়া যাচ্ছে।

সপ্তাহের প্রথম দিনে বাস ধর্মঘট ভোগান্তির শিকার নিত্যযাত্রীরা

দুরন্ত বার্তা, ডায়মন্ডহারবার, ৪ সেপ্টেম্বর ঃ দিনের পর দিন দিন রাস্তায়.বেড়েছে অবৈধ যানবাহন তার জেরে যাত্রী কমছে বিভিন্ন বেসরকারী বাস গুলিতে। এর ফলে ক্ষতির সম্মুখীন হতে হচ্ছে বেসরকারী বাসের মালিকরা। এছাড়াও রয়েছে পুলিশি জুলুম। বার বার আরটিও কে জানিয়েও কোনরকম শুরু হয়নি বলে জানাচ্ছে বাস মালিকেরা। অবশেষে সোমবার থেকে তিন দিনের বাস ধর্মঘটে নেমেছে দক্ষিণ পরগনার বেসরকারি বাস মালিক সংগঠনগুলি। দক্ষিণ ২৪ পরগনার মোট ১০টি রুটের বাস সোমবার থেকে বাস বন্ধ রেখেছে বাস মালিকেরা। বাস ধর্মঘটের জেরে সপ্তাহের প্রথম দিনে ভোগান্তির শিকার নিত্যযাত্রীরা। কার্যত বাস বেসরকারি বাস রাস্তায় না থাকার কারণে সমস্যার মধ্যে পড়তে হচ্ছে সাধারণ মানুষদের। সপ্তাহের প্রথম দিন রাস্তায় মিলছে না কোন বেসরকারি বাস চলছে হাতেগোনা কয়েকটি সরকারি বাস তাতেই বাদুর ঝোলা ভিড়। সপ্তাহের প্রথম দিন রাস্তায় পর্যাপ্ত বাস না থাকার কারণে অফিস যাত্রী থেকে শুরু করে স্কুল পড়ুয়ারা সমস্যায় পড়েছে। এ বিষয়ে এক নিত্যযাত্রী তিনি বলেন, দশটা থেকে অফিস আর সকাল থেকেই রাস্তায় দেখা মিলছে না বেসরকারি বাসের। কিভাবে অফিসে পৌঁছাবো তা

বুঝে উঠতে পারছি না। অফিসে ঠিক টাইমে না পৌঁছালে মাইনেও কাটা যাবে। কার্যত এই ধর্মঘটে জেরে সমস্যায় পড়েছি আমরা। এ বিষয়ে দক্ষিণ চব্বিশ পরগনা এসডি ১৮ রুটের বাস ইউনিয়নের অ্যাসিস্ট্যান্ট সেক্রেটারি শফিকুল আলম তিনি জানান, বাস বন্ধ থাকার কারণে কার্যত নিত্যযাত্রীরা যে সমস্যার সম্মুখীন হচ্ছে বা ভোগান্তির সম্মুখীন হচ্ছে তার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। বাস বন্ধ রাখা ছাড়া আমাদের আর কোন রাস্তা খোলা নেই। বারবার প্রশাসনকে জানিও কোনরকম লাভ হয়নি। আর্টিও নিষ্ক্রিয়। রুটে বাস চললেই পুলিশি হয়রানি সম্মুখীন হতে হয় বাসের চালক থেকে শুরু করে বাসের কর্মীদের। কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের পক্ষ থেকে এই বেসরকারি বাস গুলিকে বিভিন্ন রকম কেস দিয়ে টাকা চাওয়া হচ্ছে। এছাড়াও দিনের পর দিন রাস্তায় বেড়ে চলেছে অবৈধ যানবাহন। আর এই অবৈধ যানবাহনের জেরে যাত্রী শূন্য বিভিন্ন সরকারি বাসগুলিতে। এর ফলে ক্ষতির মুখে পড়ছে বাস মালিকেরা। এই আন্দোলনের পরে প্রশাসন যদি না কোন ব্যবস্থা না নেয় তাহলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনের নামবো আমরা। বেসরকারি বাস তিন দিনের জন্য বন্ধ থাকার কারণে নিত্যযাত্রীদের এই ভোগান্তি অব্যাহত থাকবে।

যাদবপুরে বিশ্ববিদ্যালয়ে ইউজিসি প্রতিনিধিরা

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে এল বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) প্রতিনিধিদল। প্রথম বর্ষের এক নবাগত ছাত্রের মৃত্যুর পর বিশ্ববিদ্যালয়ের নিরাপত্তা নিয়ে উঠেছে। ওই ছাত্রের মৃত্যুতে তদন্ত যত এগিয়েছে র‌্যাগিংয়ের তত্ত্ব জোরালো হয়েছে। সোমবার ইউজিসি প্রতিনিধিদল বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি খতিয়ে দেখছে। প্রতিনিধিদের যাওয়ার কথা হস্টেলেও। আবাসিকদের সঙ্গেও আলাদা করে কথা বলার সম্ভাবনা রয়েছে ইউজিসি-র প্রতিনিধিদের। এদিন সকালে বিশ্ববিদ্যালয়ে পৌঁছয় ইউজিসি-র চার সদস্যের প্রতিনিধি দল। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংশ্লিষ্ট পক্ষের সঙ্গে বৈঠক করছেন ইউজিসি প্রতিনিধিরা। খতিয়ে দেখছেন র‌্যাগিং সংক্রান্ত নিয়ম মানা হচ্ছে কি না। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে থেকে রিপোর্টও চাইতে পারেন ইউজিসির প্রতিনিধিরা। ক্যাম্পাসের সামগ্রিক অবস্থা, পরিস্থিতি, ঘটনার পরের পরিবেশ বুঝে দেখারও চেষ্টা করা হবে। সেই সঙ্গে ৪ সদস্যের প্রতিনিধি দল কয়েকদিন বিশ্ববিদ্যালয়ে থাকবে বলেও জানা গিয়েছে। এ প্রসঙ্গে আগেই যাদবপুরের অস্থায়ী উপাচার্য বুদ্ধদেব সাউ জানিয়েছিলেন, ইউজিসি সোমবার আসবে বলে জানিয়েছে। সকালেই চলে আসার কথা। সম্ভবত আজই ওরা ফিরে যেতে পারবে না। ইউজিসির প্রতিনিধিরা প্রথমে কর্তৃপক্ষের সঙ্গে কথা বলবেন। তারপর কী করবেন, সে বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

হারিয়ে যাওয়া ব্যাগ উদ্ধার করে যাত্রীকে ফিরিয়ে দিল আরপিএফ

কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ ০৩.০৯.২০২৩ তারিখে এসপ্ল্যানেড মেট্রো স্টেশনে, একজন অন-ডিউটি মহিলা আরপিএফ কর্মীরা একটি রুটিন চেক করার সময় প্ল্যাটফর্মে একটি ব্যাগ দেখতে পান। এই ব্যাগের কোন দাবিদার খুঁজে না পেয়ে এবং যথাযথ নিরাপত্তা পরীক্ষা করার পরে, তিনি এটি স্টেশন মাস্টারের অফিসে জমা দেন। তারপরে, স্টেশন মাস্টার বারবার ঘোষণা করে ব্যাগের মালিককে স্টেশন মাস্টারের অফিস থেকে সংগ্রহ করার জন্য অনুরোধ করেছিলেন এবং একটি নিয়ন্ত্রণ বার্তাও সমস্ত স্টেশনে জানানো হয়েছিল।

চান্ডিল এবং ঝান্টিপাহাড়ি স্টেশনে ট্রেনের নতুন স্টপেজ

কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ যাত্রীদের সুবিধার্থে, সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে ১৩৫১১। ১৩৫১২, ১৩২৮৭।১৩২৮৮, ২২৮৯১। ২২৮৯২, ২৮১৮১কে চান্দিলে স্টপেজ দেওয়া হবে এবং ১২৮২৭। ১২৮২৮কে ঝাঁটিপাহাড়িতে স্টপেজ দেওয়া হবে পরীক্ষামূলক ভিত্তিতে। পরবর্তী পরামর্শের ভিত্তিতে চান্দিলে ট্রেনের স্টপেজ ১৩৫১১। ১৩৫১২ টাটানগর-আসানসোল-টাটানগর এক্সপ্রেস, ১০.০৯.২০২৩ তারিখ থেকে শুরু হওয়া টাটানগর এবং আসানসোল উভয়ই চান্দিলে থামবে। ১৩২৮৭। ১৩২৮৮ দুর্গ-রাজেন্দ্রনগর-দুর্গ এক্সপ্রেস, দুর্গ থেকে ০৯.০৯.২০২৩ তারিখে শুরু হওয়া. যাত্রা এবং রাজেন্দ্রনগর থেকে ০৮.০৯.২০২৩ তারিখে চন্ডিলে থামবে। ২২৮৯১২২৮৯২ হাওড়া-রাঁচি-হাওড়া এক্সপ্রেস, ০৯.০৯.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা হাওড়া এবং রাঁচি উভয়ই চান্ডিলে থামবে। ২৮১৮১ টাটানগর-কাটিহার এক্সপ্রেস, টাটানগর থেকে ০৯.০৯.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রাটি চান্ডিলে থামবে। ঝাঁটিপাহাড়িতে ট্রেনের স্টপেজ ১২৮২৭। ১২৮২৮ হাওড়া-পুরুলিয়া-হাওড়া এক্সপ্রেস, ০৭.০৯.২০২৩ তারিখে শুরু হওয়া যাত্রা হাওড়া এবং পুরুলিয়া উভয়ই ঝাঁটিপাহাড়িতে থামবে।

উত্তর পূর্ব রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনী নিরাপত্তার জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে

গোরখপুর, ০৪ সেপ্টেম্বর ঃ রেলওয়ে সুরক্ষা বাহিনী, উত্তর পূর্ব রেলওয়ে রেলের সম্পত্তির নিরাপত্তা এবং অবৈধ পণ্য জব্দ করা, সংরক্ষিত টিকিটের অবৈধ ব্যবসা প্রতিরোধ সহ যাত্রীদের নিরাপত্তা দেওয়ার জন্য অবিরাম প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। একই ধারাবাহিকতায়, ০৩ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে, বরেলি শহরে অবস্থিত একটি দোকান থেকে ই-টিকেটের অবৈধ ব্যবসার সাথে জড়িত দোকান অপারেটরকে রেলওয়ে সুরক্ষা বাহিনী বেরেলি সিটি দ্বারা ব্যক্তিগত ব্যবহারকারীর উপর তৈরি ৭ নম্বর ই-টিকিট সহ গ্রেফতার করা হয়েছিল। আইডি ০১ সেপ্টেম্বর, ২০২৩, রেলওয়ে প্রোটেকশন ফোর্স বলরামপুর, ক্রাইম ইন্টেলিজেন্স ব্রাঞ্চ এবং সোয়ান ব্রাঞ্চ গোন্ডা যৌথভাবে তথ্যদাতার কাছ থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে, তুলসীপুরের জারওয়া রোডে অবস্থিত একটি দোকান থেকে রেলওয়ের সংরক্ষিত টিকিটের অবৈধ ব্যবসায় জড়িত দোকান অপারেটরকে আটক করে।

কলকাতা-সহ দক্ষিণবঙ্গে, ৫ সেপ্টেম্বর অবধি রয়েছে বৃষ্টিরও পূর্বাভাস

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ বৃষ্টি যে হচ্ছে না তা নয়, হালকা থেকে মাঝারি বৃষ্টিতে ভিজছে কলকাতা-সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলা। হালকা থেকে মাঝারি বৃষ্টিতে সাময়িকের জন্য গরম থেকে স্বস্তি মিলছে। কিছু সময় অতিক্রান্ত হতেই বা।ছে অস্বস্তি। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, যে সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণবঙ্গের জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। কোথাও কোথাও বজ্রবিদ্যু-সহ বৃষ্টিও হবে। উপকূল সংলগ্ন জেলাগুলিতে বৃষ্টির পরিমাণ কিছুটা বেশি থাকবে। আবহাওয়া বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, ৬-৯ সেপ্টেম্বর কলকাতা-সহ উপকূলবর্তী জেলাগুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই সময়ে দিনের তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত কমতে পারে। তবে, আর্দ্রতা বেশি থাকার কারণে অস্বস্তিকর পরিবেশ বজায় থাকবে। উত্তরবঙ্গের জেলাগুলিতে আপাতত বৃষ্টিপাতের তেমন কোনও সম্ভাবনা নেই। বাড়বে গরমের দাপট।

পুজোর আগেই আরও একটি বন্দে ভারত পরিষেবা চালু হবে পুরীতে

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ সেপ্টেম্বর ঃ খুব শীঘ্রই পূর্ব ভারতে আরও একটি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন শুরু হতে চলেছে। উল্লেখ্য, পূর্ব ভারতে ইতিমধ্যে একাধিক বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পরিষেবা দেওয়া শুরু করেছে। পুজোর আগেই শুরু হচ্ছে আরও একটি বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন। হাওড়া পুরী বন্দেভারত ইতি মধ্যেই পরিষেবা শুরু করেছে, এবার আরো একটি বন্দে ভারত চালু হতে চলেছে সেখানে। উল্লেখ্য,এটি ওড়িশার দ্বিতীয় বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন। যা পুরী থেকে পরিষেবা দেবে বলে জানা গিয়েছে। এই বছরই রাজ্য তার প্রথম বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন পেয়েছিল। যা পশ্চিমবঙ্গের হাওড়া ও ওড়িশার পুরী স্টেশনের মধ্যে চলে।ওড়িশার দ্বিতীয় .বঙে্দ ভারত এক্সপ্রেস ট্রেন পুরী এবং রাউরকেলার মধ্যে চলবে। মাসের শেষ সপ্তাহে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই আধা-উচ্চ গতির ট্রেনটির সূচনা করবেন বলে মনে করা হচ্ছে। ট্রেনটি বেশ

কয়েকটি স্টেশনে থামবে। এই ট্রেন পুরী - ভুবনেশ্বর - কটক - আঙ্গুল - রৌরকেলা রুটে চলবে। সূত্রের খবর, শনিবার ছাড়া সপ্তাহে ছয় দিন পুরী- রৌরকেলা বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন চলবে। এটি খুরদা রোড, ভুবনেশ্বর, কটক, ঢেনকানাল, আঙ্গুল, কেরেজাঙ্গা, সম্বলপুর শহর এবং পুরী এবং রৌরকেলার মধ্যে ঝাড়সুগুড়াতে থামবে বলে মনে করা হচ্ছে। ট্রেনটি চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যখন ট্র্যাকটি সর্বোচ্চ ১৩০ মাইল প্রতি ঘণ্টা গতির জন্য আপগ্রেড করা হয়। অস্থায়ী সময়সূচী অনুসারে, ট্রেনটি পুরী থেকে সকাল ৫ টায় ছাড়বে এবং রাউরকেলা পৌঁছাবে ১২. ৪৫ টায়। ফেরার পথে, এটি রাউরকেলা থেকে ২. ১০ টায় যাত্রা শুরু করবে এবং রাত ৯. ৪০ মিনিটে পুরী পৌঁছাবে। ভুবনেশ্বর ট্রেনটি পাঁচ মিনিটের জন্য থামবে, অন্য স্টেশনগুলিতে স্টপেজ দুই মিনিটের জন্য হবে।

নেশা করার টাকা না পেয়ে মাকে খুনের চেষ্টা

শ্রেয়া আদক, হাওড়া, ৪ সেপ্টেম্বর ঃ নেশা করার টাকা না পেয়ে বৃদ্ধা মাকে ধারাল অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কোপ মেরে খুনের চেষ্টার অভিযোগে গ্রেফতার হলো ছেলে। চাঞ্চল্যকর এই ঘটনাটি ঘটেছে রবিবার সন্ধ্যায় হাওড়ার লিলুয়ার বামুনগাছি বি রোড এলাকায়। এই ঘটনার পর রক্তাক্ত অবস্থায় বৃদ্ধাকে নিয়ে আসা হয় হাওড়া জেলা হাসপাতালে। জানা গেছে, আহতের নাম কবিতা সিংহ। তাঁর বড় ছেলে অভিজিৎ সিংহের বিরুদ্ধে অভিযোগ ওঠে। অভিজিৎ পেশায় টোটো চালক। তাঁকে সন্ধ্যেতেই লিলুয়া থানার পুলিশ প্রথমে আটক করে। পরে তাকে গ্রেফতার করা হয়। সোমবার ধৃতকে হাওড়া আদালতে তোলা হয়। তার বাবার দাবি, এবারই প্রথম নয়, এর আগেও বড়ো ছেলে এরকম ঘটনা ঘটিয়েছিল। সে অন্যত্র থাকে। মাঝে মধ্যেই বাড়ি এসে এরকম মারধর করে বাড়ির লোককে। এদিন সন্ধ্যেবেলা মদ্যপ অবস্থায় ঘরে এসে তার মায়ের সঙ্গে বচসা শুরু করে। তখনই ওই কান্ড ঘটায়। রক্তাক্ত অবস্থায় কবিতা সিংহকে হাওড়া জেলা হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে আসা হয় ।

Name Change

I NIRMAL BATHWAL SON OF RAMJIL LAL BATHWAL.RESIDING AT 17, LOUDON STREET, 4TH FLOOR, P.S- SHAKESPEARE SARANI, KOLKATA -700017, WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS NIRMAL KUMAR BATHWAL VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/09/2023. THAT NIRMAL BATHWAL AND NIRMAL KUMAR BATHWAL ALL ARE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change

I, FATEMA BEGUM AN MOSAMMAT FATEMA BEGUM (old name) W/O SYED MOHAMMED NAZIMUDDIN, D/O MD SARWAR ALI HALDAR Presently residing at VILL- & P.O.- Furfura, P.S.- Jangipara, Dist- Hooghly, Pin- 712706, West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MOSAMMAT FATEMA BEGAM (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 04/09/2023.

Name Change

I, SANATAN KAMILA Presently residing at Vill-Dakshin Chandanpiri, PO-Chandanpiri, PS-Namkhana, Dist-South 24 Parganas West Bengal, India, do hereby solemnly affirm & declaring my father's actual name DAMODAR KAMILA instead of DAMADAR KAMILA and my mother's actual name RENUKA KAMILA instead of RANUKA KAMILA, vide an affidavit sworn before The Ld. 1st Class Judicial Magistrate at Kakdwip, South 24 Pgs. SANATAN KAMILA S/o DAMODAR KAMILA (father) and RENUKA KAMILA (mother) and SANATAN KAMILA S/o DAMADAR KAMILA (father) and RANUKA KAMILA is the same and one identical person.

Name Change

I, RAMBAHADUR SAH (old name) S/O BANARSHI SHAW Presently residing at 114 CHETLA LOCK GATE, ALIPORE H.O, PS CHETLA, KOLKATA-700027 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) RAM BAHADUR SHAW, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. RAMBAHADUR SAH and RAM BAHADUR SHAW both are same and one identical person.

Name Change

I, SYED MOHAMMED NAZIMUDDIN S/O SYED MD GOLAM SHARWAR Presently residing at VILL- & P.O.- Furfura, P.S.- Jangipara, Dist- Hooghly, Pin- 712706, West Bengal, India, My daughter her (Old name) AAFIYA ZAINAB have changed her name to (shall henceforth be known as) AFIYA ZAINAB (new name) vide an affidavit sworn before Notary public at Kolkata on 04/09/2023.

Name Change

I, RAFIKUL ISLAM SEKH (old name) S/O AHAMAD SEKH Presently residing at Vill-Sujagalpur, PO-Kalsa, PS-Falta, Diamond Harbour-743503 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ROFIKUL ISLAM SK, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. RAFIKUL ISLAM SEKH and ROFIKUL ISLAM SK both are same and one identical person.

Name Change

I, AUSTO PADA KARAR (old name) S/O GOBARDHAN KARAR Presently residing at NISCHINTAPUR, PO-THALIA, PS-JOYPUR, HOWRAH-711401 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ASTAPADA KARAR(DOB-01/01/1963), vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. AUSTO PADA KARAR and ASTAPADA KARAR both are same and one identical person.

Name Change

I, ANWAR ALI (old name) S/O RAHAMAT ALI Presently residing at Zamindar Road, PS-Halisahar, Barrackpore-743135 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ANOWAR ALI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. ANWAR ALI and ANOWAR ALI both are same and one identical person.

Name Change

I, RISHAV PURUSHOTTAM KEDIA, SON OF PURUSHOTTAM JIWANRAM KEDIA ,RESIDENT OF BD-143,SECTOR-1,SALT LAKE,KOLKATA-700064, HAVE CHANGED MY NAME TO RISHAV KEDIA AND I SHALL HEREAFTER BE KNOWN AS RISHAV KEDIA VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 01/09/2023.

Name Change

I, MENA KUMARI (old name) W/O RAM BAHADUR SHAW Presently residing at 114 CHETLA LOCK GATE, ALIPORE H.O, PS CHETLA, KOLKATA-700027 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) MANJU SHAW, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. MENA KUMARI and MANJU SHAW both are same and one identical person.

Name Change

I, DEBIKA BHADURI (old name) D/O NARAYAN CHAKRABORTY W/O SUDIPTA BHADURI Presently residing at 26, Dwarikanath Bidyabhusan Road, Subhashgram, Kodalia, PS-Sonarpur, South 24 Pgs-700146 West Bengal, India, have changed my name to(shall henceforth be known as) DEBIKA CHAKRABORTI BHADURI, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 26/08/2023. DEBIKA BHADURI and DEBIKA CHAKRABORTI BHADURI both are same and one identical person.

Name Change

I, Sneha Devi Agarwal alias Sneha Kumari Agarwal (old name) W/O Manoj Kumar Agarwal Presently residing at 157/52N, Champadevi Bhawan, Hill Colony North, PS-Kulti, Paschim Bardhaman - 713343 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sneha Agarwal, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. Sneha Devi Agarwal, Sneha Kumari Agarwal and Sneha Agarwal both are same and one identical person.

Name Change

I JALALUDDIN KABIRAJ SON OF ABU KABIRAJ RESIDING AT VILL-ENAYETNAGAR,PO - CHAK ENAYETNAGAR, DIAMOND HARBOUR, SOUTH24PARGANAS-743503,WEST BENGAL.SHALL HENCEFORTH BE KNOWN AS JALAL KABIRAJ VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 04/09/2023.THAT JALALUDDIN KABIRAJ AND JALAL KABIRAJ ALL ARE SAME AND ONE INDENTICAL PERSON.

Name Change

I, MD ARIF EQBAL(OLD NAME) S/O MD JAHANGIR residing at Vill-Dharampur, near Imam Bara, PS-Hirapur, Paschim Bardhaman-713325, WEST BENGAL. have changed my name to (shall henceforth be known as)MD ARIF IQBAL, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. MD ARIF EQBAL and MD ARIF IQBAL both are same and one identical person.

Name Change

I, Rahul Amin Molla (old name) S/O Pirmahammad Molla Presently residing at Vill & PO- Nafarganj, Basanti, South 24 Parganas, West Bengal 743 312 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Ruhul Amin Molla, vide an affidavit sworn before The Notary Public at Kolkata on 04/09/2023. Rahul Amin Molla and Ruhul Amin Molla both are same and one identical person.

স্পটলাইট বানিজ্য লিমিটেড

CIN - L65993WB1981PLC034252

রেজিস্টার অফিস ঃ ২, রেড ক্রস প্লেস, কলকাতা-৭০০ ০০১

Website : www.spotlightvanijya.com, e-mail : kkothari@hngil.com

ফোন ঃ (০৩৩) ২২৫৪ ৩১০০, ফ্যাক্স ঃ (০৩৩) ২২৫৪ ৩১৩০

৪০তম বার্ষিক সাধারণ সভা, বুক ক্লোজার এবং ই-ভোটিং তথ্যাবলীর বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ৪০তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) কোম্পানির অনুষ্ঠিত হবে সোমবার, ২৫ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ৩.৩০ ঘটিকায় ২ রেডক্রস প্লেস, কলকাতা ৭০০০০১ ঠিকানায় আলোচ্য বানিজ্যিক সূচী স্থির রয়েছে এজিএম নোটিসে, যা সদস্যদের প্রদান করা হয়েছে শুক্রবার, ১ সেপ্টেম্বর, ২০২৩ এর মধ্যে ইলেকট্রনিক মোড / কুরিয়ার মাধ্যমে।

আরও, অনুসারী ধারা ৯১ কোম্পানি আইন, ২০১৩, কোম্পানির সদস্য রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার বুক বন্ধ থাকবে মঙ্গলবার ১৯ সেপ্টেম্বর, ২০২৩ থেকে সোমবার ২৫ সেপ্টেম্বর, ২০২৩ পর্যন্ত (উভয় দিন সহ)।

অনুসারী ধারা ১০৮ কোম্পানি আইন,২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা, ২০১৪, সংশোধনী সময় সময় এবং ধারা ৪৪ সেবি (লিস্টিং অব্লিগেশানস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ সদস্যদের নিজেদের ভোটাধিকার প্রয়োগে সুবিধা দেওয়া হবে সমস্ত আলোচ্য বিষয়ে যা স্থির রয়েছে এজিএম নোটিসে ইলেকট্রনিক ভোটিং ব্যবস্থা ব্যবহার করে (ই-ভোটিং)। কেবল সেই সকল সদস্যরা যাদের নাম রেকর্ড রয়েছে কোম্পানির সদস্য রেজিস্টারে বা বেনিফিসিয়াল ওনার্স রেজিস্টারে যা পরিচালিত হয় ডিপোজিটারিদের দ্বারা কাট-অফ তারিখে যা হল সোমবার ১৮ সেপ্টেম্বর, ২০২৩ তারাই বিবেচিত হবেন রিমোট ই-ভোটিং এবং এজিএম চলাকালীন ই-ভোটিংয়ের জন্য।

ই-ভোটিং মেয়াদ শুরু হবে শুক্রবার, ২২ সেপ্টেম্বর,২০২৩ সকাল ৯.০০ ঘটিকায় (আইএসটি) এবং শেষ হবে রবিবার ২৪ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ৫.০০ ঘটিকায় (আইএসটি)। ই-ভোটিং মডিউল বন্ধ করবে এনএসডিএল। সেই সকল সদস্য যারা এজিএমে উপস্থিত থাকবেন এবং ভোট দেবেন না আলোচ্য বিষয়ে রিমোট ই-ভোটিং মাধ্যমে এবং অন্য কোন মাধ্যমে, তারাই এজিএম চলাকালীন ই-ভোটিং প্রদান করতে পারবেন।

যে সকল সদস্যরা এজিএমের পূর্বে রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করবেন তারা এজিএমে যোগদান করতে পারবেন কিন্তু নিজেদের ভোট পুণরায় প্রদান করতে পারবেন না।

কেউ, যিনি কোম্পানির শেয়ার নিয়েছেন এবং কোম্পানির সদস্য হয়েছেন কোম্পানি দ্বারা ইলেকট্রনিক উপায়ে নোটিস প্রেরণের পর, এবং শেয়ার ধরে রেখেছেন কাট-অফ তারিখে, লগইন আইডি এবং পাসওয়ার্ড পেতে অনুরোধ পাঠান -evting@nsdl.co.in । যদি তিনি ইতিমধ্যে রেজিস্টার থাকেন রিমোট ই-ভোটিংয়ের জন্য এনএসডিএল-র সাথে তাহলে তিনি ব্যবহার করতে পারবেন নিজের বর্তমান ইউজার আইডি এবং পাসওয়ার্ড ভোট প্রদান করতে।

রিমোট ই-ভোটিং বিষয়ে বিস্তারিত তথ্যের জন্য দয়াকরে দেখুন এজিএম নোটিস। যদি কোনরূপ সহায়তা প্রয়োজন হয় সদস্যরা যোগাযোগ করতে পারেন এনএসডিএল হেল্প ডেস্কে ইমেল পাঠিয়ে evting@nsdl.co.in বা কল করুন ৯১ ০২২-৪৮৮৬ ৭০০০ এবং ৯১ ০২২-২৪৯৯ ৭০০০।

ভোটের ফলাফল ঘোষিত হবে এজিএম সমাপ্ত হওয়ার পর দুটি কাজের দিনের মধ্যে। ঘোষিত ফলাফল সঙ্গে পরীক্ষকদের প্রতিবেদন, পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে (www.spotlightvanijya.com) এবং এনএসডিএল ওয়েবসাইটে (www.evoting.nsdl.com) এবং এই ফলাফল কোম্পানির তরফে প্রদান করা হবে ক্যালকাটা স্টক এক্সচেঞ্জ লিমিটেড (সিএসই)তে, যেখানে কোম্পানির শেয়ার তালিকাভুক্ত রয়েছে। এজিএম নোটিস সঙ্গে বার্ষিক প্রতিবেদন পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে (www.spotlightvanijya.com) এবং সিএসই ওয়েবসাইটে (www.cse-india.com)।

স্পটলাইট বানিজ্য লিমিটেড-এর পক্ষে
স্বা /-
(এন.ডি. মাহেশ্বরী)
ডিরেক্টর
DIN : 02177410

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ০৪.০৯.২০২৩

ডেসিলিয়ন ফাইনান্স লিমিটেড

CIN -L65999WB1995PLC067887

রেজিস্টার অফিস ঃ ৩ বেন্টিং স্ট্রিট, চতুর্থ ফ্লোর, রুম নং. ডি-৮, কলকাতা-৭০০০০১

ই-মেল ঃinfo@decillion.co.in, ওয়েবসাইট ঃ www.decillion.co.in

২৯তম বার্ষিক সাধারণ সভা, বুক ক্লোজার এবং ই-ভোটিং তথ্যাবলীর বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত করা যায় যে ২৯তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) ডেসিলিয়ন ফাইনান্স লিমিটেড সদস্যদের অনুষ্ঠিত হবে আর্থিক বছর ২০২২-২৩ বৃহস্পতিবার ২৮ সেপ্টেম্বর, ২০২৩ বেলা ১২.০০ ঘটিকায় (আইএসটি) ''ওসওয়াল চেম্বারস'', এইতিমা, ৫ম লোর, ২ চার্চ লেন, কলকাতা-৭০০০০১ ব্যবসায়িক পর্যালোচনা যা উল্লেখ রয়েছে এজিএম নোটিসে (নোটিস)। অনুসারী ধারা ১০১ কোম্পানি আইন সঙ্গে পঠিত ধারা যা রয়েছে, ধারা ৩৬ সেবি (লিস্টিং অব্লিগেশান্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) ধারা, ২০১৫ (তালিকাভুক্ত ধারা) এবং সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিং (বিধিসম্মত সংস্করণ বা সংযোজন যাকিছু, সময়ের ক্ষেত্রে যা প্রযোজ্য), ২৯তম এজিএম নোটিস সঙ্গে বার্ষিক প্রতিবেদন ২০২২-২৩ প্রেরণ করা হয়েছে ইমেলে সেই সদস্যদের যাদের ই-মেল রেজিস্টার রয়েছে কোম্পানি/ ডিপোজিটারি পার্টিসিপেন্টে / রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ)-র কাছে কোম্পানির যা হল মে. নিশ টেকনোলজিস প্রা.লি., প্রয়োজন অনুসারে, এবং ফিজিক্যাল কপি পাঠানো হয়েছে সেই সদস্যদের যাদের ইমেল রেজিস্টার নেই ডিপোজিটারি পার্টিসিপেন্টে বা আরটিএ-র কাছে ২৫ আগস্ট, ২০২৩ তারিখে, তাদের পোস্টাল ঠিকানায় পাঠানো হয়েছে পারমিটিড মোডে। এজিএম নোটিস সঙ্গে বার্ষিক প্রতিবেদন প্রেরণ সম্পূর্ন হয়েছে ৪ সেপ্টেম্বর, ২০২৩। উল্লেখিত এজিএম নোটিস এবং বার্ষিক রিপোর্টের কপি পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইটে-www.decillion.co.in এবং বিএসই লিমিটেড ওয়েবসাইটে-www.bseindia.com ও ন্যাশনাল সিকিউরিটিজ ডিপোজিটারি লিমিটেড (এনএসডিএল) ওয়েবসাইটে-www.evoting.nsdl.com।

সদস্যদের আরও জ্ঞাত করা যায় যে অনুসারী বন্দোবস্ত ১০৮ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) ধারা ২০১৪, সঙ্গে সংশোধনী, এবং ধারা ৪৪ তালিকাভুক্ত ধারা সেক্রেটারিয়াল স্ট্যান্ডার্ড অন জেনারেল মিটিং (বিধিসম্মত সংস্করণ বা সংযোজন যাকিছু, সময়ের ক্ষেত্রে যা প্রযোজ্য), কোম্পানি নিজেদের সদস্যদের প্রদান করছে ভোটাধিকার প্রদান করার আলোচনার প্রস্তাবে যা পাশ হবে এজিএমে। রিমোট ই-ভোটিং শুরু হবে সোমবার ২৫ সেপ্টেম্বর, ২০২৩ সকাল ৯.০০ ঘটিকায় এবং শেষ হবে বুধবার, ২৭ সেপ্টেম্বর, ২০২৩ বিকাল ৫.০০ ঘটিকায়। উল্লেখিত তারিখ এবং সময়ের পর রিমোট ই-ভোটিং বিবেচিত হবে না। এই মেয়াদে, কোম্পানির সদস্যরা যারা শেয়ার ধরে রেখেছেন কাটি-অফ তারিখ ২১ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে তারা বিবেচিত হবেন বৈদ্যুতিন উপায়ে। রিমোট ই-ভোটিংয়ের পদ্ধতি এবং নিয়মাবলী উল্লেখিত নোটিসে প্রদান করা হয়েছে।

যদি কোন ব্যক্তি কোম্পানির শেয়ার নিয়ে থাকেন এবং সদস্য হয়ে থাকেন এজিএম নোটিস প্রেরণের পর এবং শেয়ার ধরে রাখেন কাট-অফ তারিখে ২১ সেপ্টেম্বর, ২০২৩ তাহলে ইউজার আইডি ও পাসওয়ার্ড পেতে অনুরোধ পাঠান ইলেকট্রনিক ভোটিংয়ের জন্য। যদি কেউ কাট-অফ তারিখে কোম্পানির সদস্য হয়ে থাকেন এবং যদি নোটিস পান, তাকে পাঠানো নোটিস শুধুমাত্র তথ্যের জন্য। কোম্পানি আরও সুবিধা দিচ্ছে পোলিং পেপার বা ব্যালট মাধ্যমে ভোট প্রদানে এজিএমে যারা সভায় যোগদান করবেন, যারা ভোট দেননি রিমোট ই-ভোটিং মাধ্যমে। যদি, কোন সদস্য ইতিমধ্যে রিমোট ই-ভোটিং মাধ্যমে ভোট প্রদান করে থাকেন এজিএমের পূর্বে, তিনি সভায় যোগদান করতে পারবেন কিন্তু পুণরায় ভোট দিতে পারবেন না। যদি কেউ উভয় মোডে ভোট প্রদান করে থাকেন, রিমোট ই-ভোটিং এবং এজিএমে পোলিং পেপারে, তাহলে রিমোট ই-ভোটিং বৈধ বিবেচিত হবে এবং পোলিং পেপারের ভোট বাতিল হবে। শ্রী রাজেশ ঘোরায়াত (এফসিএস ঃ ৭২২৬), অনুশীলনরত কোম্পানি সেক্রেটারি নিযুক্ত হয়েছেন পরীক্ষক হিসাবে রিমোট ই-ভোটিং এবং ব্যালট ভোটিং পরিচালনার জন্য স্বচ্ছ এবং নিরপেক্ষতার বিচারে।

অনুসারী ধারা ৯১ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পঠিত ধারা ৪২ সেবি লিস্টিং রেগুলেশন, কোম্পানির সদস্য রেজিস্টার বন্ধ থাকবে ২২ সেপ্টেম্বর, ২০২৩ থেকে ২৮ সেপ্টেম্বর, ২০২৩ (উভয় দিন সহ) এজিএমের জন্য ২০২২-২৩ আর্থিক বছরের।

যদি কোন প্রশ্ন বা সহায়তা প্রয়োজন হয়, তাহলে ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চন (এফএকিউ) দেখতে পারেন শেয়ার হোল্ডারদের এবং এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল সদস্যদের পাওয়া যাবে ডাউনলোডে সেকশানে www.evoting.nsdl.com ওয়েবসাইটে অথবা যোগাযোগ করুন ০২২ ৪৮৮৬ ৭০০০ বা ০২২ ২৪৯৯ ৭০০০০ অথবা অনুরোধ পাঠান মিস পল্লবী মাহাত্রে, সিনিয়র ম্যানেজার, এনএসডিএল-www.evoting@nsdl.co.in।

ডেসিলিয়ন ফাইনান্স লিমিটেডের পক্ষে
স্বা /-
শ্রুতি পোদ্দার
কোম্পানি সচিব ও সহযোগী আধিকারিক

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ৫ সেপ্টেম্বর, ২০২৩

KOLKATA MUNICIPAL CORPORATION e - TENDER

ABRIDGED NIT

The E.E(W.S./North), KMC invites Tender online in two Bid systems for the following works:

(1) NIT No.: KMC/WS/N/23-24/08/21
Name of the Work : **Maintenance and repairing of filtered and unfiltered water supply at different places in Ward no. 8 under Borough-I**; Estimated Cost : **Rs. 2,99,436.00;** Earnest Money : **Rs. 6,000.00;**

(2) NIT No.: KMC/WS/N/23-24/17/22
Name of the Work : **Development of filtered water supply along Kashi Bose Lane and Hari Ghosh Street in Ward no. 17**; Estimated Cost : **Rs. 2,37,659.00;** Earnest Money : **Rs. 5,000.00;**

(3) NIT No.: KMC/WS/N/23-24/25/23
Name of the Work : **Development of F.W. supply by replacing Old P.V.C. Main from Parbati Ghosh Lane to Kailash Saha Lane in Ward no. 25**; Estimated Cost : **Rs. 1,32,375.00;** Earnest Money : **Rs. 3,000.00;** Last date and time of submission of Bid : **12.09.2023 at 2 p.m.** (for Sl. 1 to 3); The tender will be opened on : **14.09.2023 at 2 p.m.** (for Sl. no. 1 & 2) & **12.09.2023 at 2 p.m.** (for Sl. no. 3); Tender documents will be available on and from : **05.09.2023 from 2 p.m.** (for Sl. no. 1 to 3). The website **https://etender.wb.nic.in** (for Sl. no. 1 to 3).

The Executive Engineer (Civil) (Roads), KMC invites tender online percentage rate two bid system for the following works :

(1) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/126 (1st Call)
Name of the Work : **Repairing of different depressed spots at different roads at Madurdaha in Ward no. 108, Borough-XII**; Estimated Amount (including GST & CESS) : **Rs. 4,98,093.20** (excluding Contingency Amount); Earnest Money : **Rs. 10,000.00**; Period of Completion : **45 Days;**

(2) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/7 (1st Call)
Name of the Work : **Repairing of road surface at Haraprashad Shastri Sarani in Ward no. 81 under Borough-X**; Estimated Amount (including GST & CESS) : **Rs. 4,66,474.84;** Earnest Money : **Rs. 9,500.00;** Period of Completion : **45 Days;**

(3) NIT No.: KMC/ROADS/SOUTH/2023-2024/9 (1st Call)
Name of the Work : **Repairing of road surface at Rajdanga Road near Echchapuran and Acropolish Mall in Ward no. 107, Borough-XII**; Estimated Amount (including GST & CESS) : **Rs. 2,51,816.40** (excluding Contingency Amount); Earnest Money : **Rs. 5,500.00;** Period of Completion : **30 Days;** Last Date and Time of submission of all Bids : **16.09.2023 at 12 noon** (for Sl. no. 1 to 3); The Bid forms and other details are available on and from **07.09.2023 at 12 noon** in the website **https://wbtenders.gov.in** (for Sl. no. 1 to 3).

The Dy. CE(E)/(S&D), KMC invites tender online item wise rate in two bid system for the following work :

NIT No.: KMC/DG(S_D)/BDPS/MM/10/23-24 (1st Call)
Name of the Work : **Manufacturing supply & fitting fixing of 8 nos. guide channel, 8 nos. wire rope of strainer & platform in front of main strainer with allied works at MMPS under BDPS**; Estimated Cost : **Rate to be quoted;** Earnest Money : **Rs. 4,000.00;** Period of Completion : **15 Days;** Last Date and Time of submission of Bid : **18.09.2023 at 12 noon**; The Bid forms and other details are available on and from **08.09.2023 at 5 p.m.** from the website **https://wbtenders.gov.in**.

The Director General (S&D), KMC invites tender online for the following work :

NIT No.: KMC(S_D)/DPS/23-24/03
Name of the Work : **Construction of chamber for installation of NRV, Near Boundary Wall of CPT Canal Drainage Pumping Station**; Estimated Amount : **Rs. 3,40,764.87;** Earnest Money : **Rs. 7,100.00;** Period of Completion : **45 Days;** Time and Last Date of receipt/opening of tender paper : **18.09.2023 at 3 p.m./22.09.2023 at 3 p.m. (Technical Bid)**; The Bid forms and other details are available on and from **08.09.2023 at 3 p.m.** from the website **https://wbtenders.gov.in**.

The Executive Engineer (W.S.)-BPS, invites tender online percentage two bid system for the following work :

NIT No.: KMC/WS/HW/2023-24/09 (1st Call)
Name of the Work : **Improvement of reliability of pumping by replacing defective 4 nos. submersible pump-motor unit and their accessories at 150, P.A. Shah Road Head Works**; Estimated Cost : **Rs. 2,92,684.87;** Earnest Money : **Rs. 6,000.00;** Period of Completion : **90 Days;** Last Date of submission of Bid : **20.09.2023 at 2 p.m.**; Tender will be opened on : **23.09.2023 at 2 p.m.**; The Bid forms and other details are available on and from **08.09.2023 at 2 p.m.** from the website **https://etender.wb.nic.in**.

The Executive Engineer W.S./(SOUTH), invites tender online percentage two bid system for the following work :

NIT No.: KMC/WS/PBDT/M/2023-24/04 (1st Call)
Name of the Work : **Labour and carriage charges for withdrawal-refixing including fishing and pipe extended work at Kalbari Shitala Mandir Big-dia Tubewell and other 14 location under Poddarnagar Big-dia T/W unit**; Estimated Cost : **Rs. 1,92,768.60;** Earnest Money : **Rs. 4,000.00;** Period of Completion : **30 Days;** Last Date of submission of Bid : **20.09.2023 at 2 p.m.**; Tender will be opened on : **23.09.2023 at 2 p.m.**; The Bid forms and other details are available on and from **08.09.2023 at 2 p.m.** from the website **https://etender.wb.nic.in**.

The Executive Engineer (Water Supply), Br-XVI, KMC invited e-Tender for the following work :

NIT No.: KMC/WS/JOKA/21/2023-24
Name of the Work : **Development of work by laying of new 100mm dia D.I. pipe line at Jaigir Ghat from premises no. 12/1 to 5/3 and Goswami Para from premises no. 37 to Joka Maitra Sammalani & from premises no. 32 to H/O Lakshi Kanta in Ward no. 144, Borough-XVI**; Estimated Cost : **Rs. 2,63,717.66;** Earnest Money : **Rs. 5,500;** Period of Completion : **16 Days;** Last Date and Time of submission of Bid : **18.09.2023 at 6 p.m.**; Tender will be opened on : **21.09.2023 at 1 p.m.**; The Bid forms and other details are available on and from **09.09.2023 at 11 a.m.** in the website **https://wbtenders.gov.in**.

The Director General (Bustee), KMC invites tender online percentage rate two bid system for the following work :

NIT No.: KMC/EEBS/HQ/VI/060/001/23-24/094
Name of the Work : **Improvement of bustee passage at different places of 26, 34, 36 Linton Street Bustee and its surrounding area in Ward no. 60**; Estimate Amount (including GST & LWC) : **Rs. 4,00,075.14;** Earnest Money : **Rs. 8,500;** Period of Completion : **180 Days;** Last Date and time of submission of Bid : **14.09.2023 upto 11 a.m.**; Bid opening date and time for technical proposals : **16.09.2023 at 11 a.m.**; The Bid forms and other details are available on and from **05.09.2023 at 5 p.m.** from the website **https://wbtenders.gov.in** & **https://www.kmc.gov.in**.

681/23-24

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব

দুরন্ত বার্তা

২৮ বর্ষ, দৈনিক ২৭৬ সংখ্যা, মঙ্গলবার, ১৮ ভাদ্র, ১৪৩০

কংগ্রেসের ধীরে চলো নীতি

আসন ভাগ নিয়ে কংগ্রেস ধীরে চলো নীতি গ্রহণ করতে শুরু করে দিয়েছে। কংগ্রেস থেকে পরিস্কার করে বলে দেওয়া হয়েছে যে পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেস নেতাদের সঙ্গে আলোচনা করা হবে। শুধু পশ্চিমবঙ্গই নয়, প্রায় প্রতিটি রাজ্যের কংগ্রেস নেতাদের সঙ্গে কথা বলেই ইন্ডিয়া জোট থেকে উঠে আসা আসন ভাগ নীতির চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে। তার আগে কংগ্রেস এককভাবে কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে পারে না। এদিকে তৃণমূল কংগ্রেসের নেত্রী এবং আম আদমি দলের নেতা আরবিন্দ কেজরিওয়াল বলতে শুরু করে দিয়েছেন আসন ভাগ আগে করতে হবে। তারপরে অন্য কোনও সিদ্ধান্ত। কিন্তু কংগ্রেস এখনও আসন ভাগ নিয়ে কোনও কথা বলতে নারাজ। নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে জোট ইণ্ডিয়ার আসন ভাগ ১৫ অক্টোবরের মধ্যে করতে হবে। তাতে সায় দিয়েছিল আম আদমি দলের নেতারা। কিন্তু রাহুল গান্ধি তাতে আপত্তি করতে শুরু করে দিয়েছেন।

সম্পাদকীয়

তিনি বলেছেন কংগ্রেস দলকে এ ব্যাপারে ভাবতে সময় দিতে হবে। আসন ভাগ করতে কংগ্রেস নেতাদের বসিয়ে দেওয়াটা ঠিক হবে না বলে কংগ্রেস মহল থেকে কথা উঠতে শুরু করে দিয়েছে। পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী পরিস্কার করে বলে দিয়েছেন যে পশ্চিমবঙ্গে বাম এবং কংগ্রেস দল এক সঙ্গে নির্বাচনী প্রচার করবে। তারা তৃণমূল কংগ্রেসের বিরোধিতা করবে। তার ফলে তৃণমূল বেশ বেকায়দায় পড়তে শুরু করে দিয়েছে। তৃণমূল কংগ্রেসের রাজনৈতিক প্রভাব আঞ্চলিক ভিত্তি। কিন্তু জাতীয় স্তরে তৃণমূল কংগ্রেসের কোনও ভিত্তি নেই। তৃণমূল কংগ্রেস সর্ব ভারতীয় দল নয়। আঞ্চলিক দল হিসাবে পরিচিত। তৃণমূল কংগ্রেসকে সর্বভারতীয় দলে পরিণত করতে চেষ্টা করতে শুরু করে দিয়েছেন। তিনি চেষ্টা করছেন ইণ্ডিয়া মঞ্চকে ব্যবহার করে তৃণমূল কংগ্রেসকে সর্বভারতীয় দলে পরিণত করতে। কিন্তু তাতে বাধা দিতে শুরু করে দিয়েছে বেশ কিছু রাজনৈতিক দলের নেতারা। তাঁরা বলতে শুরু করে দিয়েছেন অন্য রাজ্যে তৃণমূল কংগ্রেস দল প্রবেশ করতে পারবে না। সেখানে আঞ্চলিক দলকে বেশি করে প্রাধান্য দিতে হবে। তৃণমূল কংগ্রেসের পশ্চিমবঙ্গে প্রভাব রয়েছে। সেখানে জোটের কোন দল তাদের প্রার্থী দেবে না। কিন্তু তৃণমূল কংগ্রেস অন্য রাজ্যের রাজনৈতিক দলের প্রভাবকে নষ্ট করে সেখানে প্রার্থী দিতে পারবে না। তার ফলে অন্য রাজ্যে প্রার্থী দিতে পারছে না তৃণমূল কংগ্রেস। এদিকে কংগ্রেস নেতারা বলতে শুরু করে দিয়েছেন যে কংগ্রেসকে ব্যবহার করার কথা ভাবতে শুরু করে দিয়েছেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায়। তাঁরা এতদিন ধরে কংগ্রেস বিরোধী ছিলেন। আজকে কেন তাঁরা কংগ্রেসের পক্ষ নিয়ে কথা বলছেন তা ভাবতে হবে কংগ্রেস দলের নেতাদের। কংগ্রেস দল এখন আসন সমঝোতা নিয়ে কোনও কথা বলতে নারাজ। তার ফলেই ইণ্ডিয়া জোট প্রশ্নের মুখে দাঁড়িয়ে গেল কিনা তা ভাবার সময় আসেনি। তবে ইণ্ডিয়া জোটে রাহুলের প্রভাব বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। সেই কারণে সাংবাদিক বৈঠকে যোগ দেননি নেত্রী মমতা এবং অভিষেক। তারা সাংবাদিক বৈঠক শুরু হওয়ার সময়ে যাত্রা করেছিলেন কলকাতার দিকে। সাংবাদিক বৈঠকে উপস্থিত থেকে কোনও কথা বললে সেটা সর্বভারতীয় স্তরে প্রচারিত হয়ে যেত। তাতে তৃণমূল কংগ্রেসের ভবিষ্যত নীতি গ্রহণ করার ক্ষেত্রে বেগ পেতে হতো বলেই কি নেত্রী মমতা সাংবাদিক বৈঠকে যোগদান করেননি না তা নিয়ে কংগ্রেস মহলে প্রশ্ন দেখা দিতে শুরু করে দিয়েছে। এদিকে মমতা বন্দ্যোপাধ্যায় এবং অভিষেক বন্দ্যোপাধ্যায় আরও এক ধাপ এগিয়ে বলতে শুরু করে দিয়েছিলেন সেপ্টেম্বরের মধ্যে আসন ভাগ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হোক।

নয়া শিক্ষা ব্যবস্থা

নতুন শিক্ষা ব্যবস্থা চালু করাকে প্রধানমন্ত্রী মহাযজ্ঞ বলে উল্লেখ করেছেন। সারা ভারতবর্ষ জুড়ে একই শিক্ষানীতি গ্রহণ করলে তাতে দেশের তরুণ সমাজের উন্নতি দেখতে পাওয়া সম্ভব হবে। আধুনিক বিষয়গুলোর ওপরে শিক্ষা দেওয়ার জন্য জোর দেওয়া হয়েছে। ইতিহাস থেকে শুরু করে বেশ কয়েকটি বিষয়ের ওপরে যত না জোর দেওয়া হচ্ছে তার চেয়ে বেশি বর্তমান যুগে কোনও বিষয়ের ওপরে শিক্ষা দিলে একজন ছাত্র নিজেকে আন্তর্জাতিক মানের তৈরি করতে সক্ষম হবে সেটার দিকে বেশি করে নজর দেওয়ার ব্যবস্থা করা হয়েছে। এদিকে শিক্ষা সচিব বলেছেন, এত তাড়াহুড়ো করলেচলবে না। ধীরে ধীরে পদক্ষেপ গ্রহণ করতে হবে। কিন্তু প্রধানমন্ত্রী বলছেন, বসে থাকলে চলবে না। দ্রুত নতুন শিক্ষানীতিকে কার্যকর করতে হবে। নতুন শিক্ষানীতিতে একটি করে বিশ্ববিদ্যালয় বেছে নেওয়া হবে যে বিশ্ববিদ্যালয় লিড হিসাবে কাজ করবে। আইআইটি শিক্ষা কেন্দ্রকেও লিড হিসাবে গ্রহণ করা যেতে পারে। এদিকে বামপন্থী ছাত্র সংগঠন বলতে শুরু করে দিয়েছে যে জাতীয় শিক্ষানীতিটা হল একটি বেসরকারিকরণ এবং বাণিজ্যকরণের রাস্তা। কেন্দ্রীয় সরকার এখন আর কোনও কলেজ বিশ্ববিদ্যালয়কে সরকারি ছাতার তলার রাখার ইচছা নেই। রেলকে যেমনভাবে বেসরকারি করে দেওয়ার চেষ্টা হচ্ছে ঠিক তেমনি স্কুল থেকে শুরু করে কলেজ এবং বিশ্ববিদ্যালয়, আইআইটি সবই বেসরকারিতে পরিণত হবে। ফলে ছাত্রদের ওপরে আর্থিক চাপের বোঝা চাপিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে প্রত্যক্ষভাবে। বর্তমান কেন্দ্রীয় সরকার যেহেতু শিল্পপতিদের দিকে ঢলে গিয়ে যে কোনও নীতি সিদ্ধান্ত করে থাকে সেই দেখতে পাওয়া যাচ্ছে নতুন শিক্ষানীতিতে। ইউজিসির যে কড়াকড়ি ছিল শিক্ষা ব্যবস্থায় সেটা একেবারে উঠিয়ে দেওয়ার চেষ্টা করা হচ্ছে। বলা যেতে পারে যে ইউজিসি আগামি দিনে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করা ছাড়া আর কোনও সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে না। শিক্ষা সংক্রান্ত সব সিদ্ধান্ত গ্রহণ করবে শিক্ষামন্ত্রক। ইউজিসির মাধ্যমে যে শিক্ষানীতি এতদিন ধরে চালু ছিল তা একেবারে ভেঙে দেওয়া হচ্ছে। নতুন শিক্ষানীতিতে অধ্যাপকদের নিয়োগ পদ্ধতি কেমন হতে তা নিয়ে কোনও শব্দ উচ্চারণ করা হয়নি বটে। তবে এটা ঠিক যে কলেজ সার্ভিস কমিশন বলে যে একটি সংস্থা ছিল আগামি দিনে সেটা কার্যত অকেজো হয়ে পড়ে থাকবে। তার কোনও ভূমিকা থাকবে না। অধ্যাপক হওয়ার জন্য সর্বভারতীয় পরীক্ষার মধ্যে দিয়ে নিয়োগ করা হবে বলে জানতে পারা গিয়েছে। সর্বভারতীয় পরীক্ষার মধ্যে দিয়ে এবারে স্কুলের শিক্ষক নিয়োগ করা হবে। আবার বলা হচ্ছে যে আগামি দিনে শিক্ষা মন্ত্রক স্কুলে শিক্ষক এবং কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে শিক্ষা কেন্দ্রের সিদ্ধান্তকে প্রাধান্য দিতে পারে।

অনুকূলচন্দ্র ঠাকুরের অমৃত বাণী



শ্রেষ্ঠজনে করলে প্রাণাম নিয়ত
মাথা ঠেকিয়ে পায়
নিজের ভাল হলেও কিন্তু তাঁর
আয়ুটি ক্ষয়েই যায়।
শরীরটা তোর লম্বা যত ততখানি
ভুঁই বাদ, করলে প্রণাম পাবি
প্রাণে আনন্দ-প্রাসাদ।

কালী সাধক রামপ্রসাদ

সাধক রামপ্রসাদ এবং ঠাকুর রামকৃষ্ণদেবের সঙ্গে কোনও পার্থক্য নেই। দুইজনই মা কালীর ভক্ত। একজন শ্যামা মায়ের ভক্ত। আর একজন হচ্ছেন মা ভবতারিণীর ভক্ত। একজন থাকেন হালি শহরে। আর একজন থাকতেন দক্ষিণেশ্বরে। তারাপীঠের সাধক বামাক্ষ্যাপা ছিলেন তান্ত্রিক। তিনি তন্ত্র সাধনা করতেন। তন্ত্র সাধনার ওপরে সাধক বামাক্ষ্যাপা শক্তি ছিল। কিন্তু ঠাকুর রামকৃষ্ণদেব এবং সাধক রামপ্রসাদ ইনারা তন্ত্র সাধক ছিলেন না। ইনারা ছিলেন মায়ের পুজারি। মা কালীর পুজোরি। পুজো করতেন ঠাকুর রামকৃষ্ণদেব। আর সাধক রামপ্রদাস গান করনাচ করে মায়ের পুজো করতেন। তিনি শ্যামা সঙ্গীত রচনা করে মায়ের সহেগ সাক্ষাৎ করতেন।

শিক্ষক দিবস ঃ সর্বকালের বাংলার খ্যাতনামা শিক্ষকরা

রবীন্দ্রকুমার শীল

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ঃ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যিনি তাঁর বিদ্যাবত্তার জন্য 'বিদ্যাসাগর' উপাধি লাভ করে সবার কাছে অতি পরিচিত হতে পেরেছিলেন তাঁর জন্মের দুশো বছর পরে আচার্য রামেন্দ্র সুন্দর ত্রিবেদীর লেখাটি মনে পড়ে যাচ্ছে-' অণুবীক্ষণ নামে একরকম যন্ত্র আছে; তাহাতে ছোট জিনিস বড় করিয়া দেখায়। কিন্তু বিদ্যাসাগরের জীবনচরিত বড় জিনিসকে ছোট দেখাইবার জন্য নির্মিত যন্ত্রস্বরূপ।'। উনিশ শতকে বাংলা তথা ভারতবর্ষের এক যুগসন্ধিক্ষণে জন্মগ্রহণ করেছিলেন বিদ্যাসাগর (২৮ সেপ্টেম্বর ১৮২০ সন।) এই সময়টা হচ্ছে শিক্ষা সংস্কার এবং বাংলা ভাষার আধুনিকীকরণের প্রয়োজনীয়তা উপলব্ধির করার চিত্র সর্বত্র দেখতে পাওয়া যায়। সেই উদ্দেশ্যকে সফল করতে সরকারি এবং বেসরকারি ভাবে বহু উদ্যোগ গ্রহণ করা হয়েছে বটে, কিন্তু দেখতে পাওয়া যায়সেখানে নানা অসমন্বয় এবং বিশৃঙ্খলায় পরিপূর্ণ। শিক্ষার লক্ষ্য, পাঠক্রম এবং পদ্ধতি নিয়ে বিতর্ক শুরু হয়ে গেছে। ঠিক সেই সময়ে বিদ্যাসাগর এককভাবে ও কিছু সহযোগীদের উদ্যোগে আধুনিক ব্যবহারযোগ্য বাংলা ভাষা, প্রাথমিক ও নীতিশিক্ষার বহু জনপ্রিয় গ্রন্থ, বাংলা মাধ্যমে স্কুল ব্যবস্থা এবং নারী শিক্ষার পাকা বুনিয়াদ স্থাপন করে গেলেন যার ওপরে ভিত্তি করে আজকে বাংলা ভাষা প্রতিষ্ঠিত হয়েছে এবং আধুনিক বাংলার সাহিত্যের সূচনাও বলা যেতে পারে। বাংলা ভাষার পাকা বুনিয়াদ যিনি স্থাপন করতে সক্ষম হয়েছিলেন সেই বিদ্যাসাগরের যাত্রাপথ ছিল খুবই কঠিন ছিল। সব সময়ে তাঁকে বাস্তবের সঙ্গে কঠোর সংগ্রাম করতে হয়েছে। সেই সময়ে হুগলি জেলার (এখন পশ্চিম মেদিনীপুর) ঘাটাল মহকুমা বীরসিংহ গ্রামে এক হতদরিদ্র ব্রাহ্মণ পরিবারে জন্মগ্রহণ করেন। পিতা ঠাকুর দাস বন্দ্যোপাধ্যায় এবং মাতা ভগবতী দেবীর জেষ্ঠ্যপুত্র ছোটবেলা থেকে যেমন জেদি এবং একগুঁয়ে ঠিক তেমনি ছিলেন বিদ্যাশিক্ষা লাভের চরম উৎসাহী। মাত্র ন'বছর বয়সে পিতার সঙ্গে এসে সংস্কৃত কলেজে তৃতীয় শ্রেণিতে ভর্তি হলেন ঈশ্বরচন্দ্র। কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর জেদি এবং একগুঁয়েমির ছবি অঙ্কণ করতে শম্ভুচন্দ্রের লেখার সাহায্য নিয়ে 'বিদ্যাসাগর-চরিত' প্রবন্ধে তা উল্লেখ করেছেন-''পিতার তাঁহার স্বভাব বুঝিয়া চলিতেন। যেদিন সাদা বস্ত্র না থাকিত সেদিন বলিতেন, আজ ভালো কাপড় পরিয়া কলেজে যাইতে হইবে। তিনি হঠাৎ বলিতেন, না, আজ ময়লা কাপড় পরিয়া যাইব। যেদিন বলিতেন, আজ স্নান করিতে হইবে, শ্রবণ মাত্র দাদা বলিতেন যে, আজ স্নান করিব না; পিতা প্রহার করিয়াও স্নান করাইতে পারিতেন না। সঙ্গে করিয়া ট্যাঙ্কশালের ঘাটে নামাইয়া দিলেও দাঁড়াইয়া থাকিতেন। পিতা চড় চাপড় মারিয়া জোর করাইয়া স্নান করাইতেন।"

মদনমোহন তর্কালঙ্কার ঃ মদনমোহন তর্কালঙ্কার জন্ম গ্রহণ করেছিলেন ১৮১৭ শকে নদিয়া জেলার অন্তর্গত বিল্বগ্রাম নাম একটি সুপ্রসিদ্ধ গ্রামে। তাঁর পিতার নাম ছিল রামধন চট্টোপাধ্যায়। তিনি কলিকাতা সংস্কৃত কলেজের লিপিকর ছিলেন। তাঁর পাঁচটি সন্তান ছিল। তার মধ্যে দুই পুত্র এবং তিন কন্যা। প্রথম পুত্রের নাম মদনমোহন এবং দ্বিতীয় পুত্রের নাম গোপীমোহন। মদনমোহন সংস্কৃত কলেজে ভর্তি হয়েছিলেন। কিন্তু পেটের রোগে আক্রান্ত হলে তিনি গ্রামে ফিরে যান। গ্রামে বাড়িতে থাকার সময়ে তিনি পণ্ডিতদের কাছ থেকে সংস্কৃত ব্যাকরণ এবং সাহিত্য পাঠ করেন। কিছুদিন বাড়িতে থাকার পর তিনি আবার সংস্কৃত কলেজে এসে ভর্তি হলেন। ১৮২৯ সালে তিনি দ্বিতীয়বার সংস্কৃত কলেজে ভর্তি হন। একই ক্লাসে পড়তেন বিদ্যাসাগর এবং মদনমোহন। মদনমোহনের বয়স ছিল বারো বছর আর বিদ্যাসাগরের বয়স ছিল দশ বছর। দুই বছরের বেশি কম। কবিত্ব শক্তি মদনমোহনের যথেষ্ট ছিল। অসাধারণ কবিতা তিনি রচনা করতে পারতেন। ১৮৪২ সালে তর্কালঙ্কার মহাশয় বিদ্যালয় জীবন সমাপ্ত করেন। বিদ্যালয় ত্যাগ করে তিনি বঙ্গ বিদ্যালয়ের প্রধান পণ্ডিত হয়েছিলেন। বারাসত সরকারি বিদ্যালয়ে প্রথম পণ্ডিত হিসাবে শিক্ষকতা করতে শুরু করেন। তারপরে তিনি কলকাতা ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যাপকের পদ গ্রহণ করেছিলেন। কৃষ্ণনগর কলেজেএ তিনি প্রধান পণ্ডিত ছিলেন। তারপরে বেথুন সাহেবের সঙ্গে তাঁর সাক্ষাৎ। সেই সাক্ষাতের সূত্র ধরে কলকাতায় বেথুন স্কুল স্থাপন। সেই মহিলা বিদ্যালয় ১৭৫ বছরে পদার্পন করলো। তিনি ১৮৪৯ সালে 'শিশু শিক্ষা' গ্রন্থ রচনা করেছিলেন। যার প্রথম ভগ বেথুন সাহেবকে উৎসর্গ করেন-'' মহামহম মান্যবর শ্রীযুক্ত জে,ই,ডি, বীটন ভারবর্ষীয় রাজসমাজসদস্য শিক্ষাসমাজাধিপতি মহাশয়েষু। সমুচিতসম্মানপূর্ব্বক-সুবিনয়-নিবেদনম্। অনেকেই অবগত আছেন, প্রথম পাঠোপযোগী পুস্তকের অসদ্ভাবে অস্মদেশীয় শিশুগণের যথানিয়মে স্বদেশ ভাষাশিক্ষা সম্পন্ন হইতেছে না। আমি সেই অসদ্ভাব নিরাকরণ ও বিশেষতঃ বালিকাগণের শিক্ষা সংসাধন করিবার আশয়ে যে পুস্তকপরম্পরা প্রস্তুত করিতে প্রবৃত্ত হইয়াছি, এই কয়েকটি পত্রদ্বারা তাহার প্রাথমিক সূত্রপাত করিলাম।"

দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় ঃ বাংলার সম্মানকে সর্বোচ্চ স্থানে তুলে ধরে রেখে দিয়েছিলেন দুই দ্বারকানাথ। প্রথম জন হচ্ছেন প্রিন্স দ্বারকানাথ ঠাকুর। দ্বিতীয়জন হচ্ছেন শিক্ষাবিদ দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়। প্রিন্স

দ্বারকানাথ ঠাকুর বাংলার শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে শিল্প স্থাপন করার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছিলেন। তাঁরই উদ্যোগে প্রথম রেল চালু করা সম্ভব হয়েছিল। ইংল্যাণ্ডের শিল্প বিপ্লবের সুফল যাতে বাংলায় এসে উপস্থিত হতে পারে তা জন্য তিনি উদ্যোগী হয়েছিলেন। আর দ্বিতীয় দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় মহিলাদের শিক্ষা বিস্তারের দিকে লক্ষ্য রেখে তিনি নারী শিক্ষাকে প্রধান্য দিতে থাকেন। প্রিন্স দ্বারকানাথ ঠাকুর জন্ম গ্রহণ করেছিলেন ১৭৯৪ সালে। তিনি বিলাতে পরলোকগমন করেন ১ আগস্ট, ১৮৪৬ সালে। তিনি রাজা রামমোহন রায়ের অকৃত্রিম বন্ধু ছিলেন। আর দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় জন্মগ্রহণ করেছিলেন ২০ এপ্রিল, ১৮৪৪ সালে। ঢাকার বিক্রমপুরের মাগুরাখাণ্ডা গ্রামে। তিনি পরলোকগমন করেন ২৭ জুন ১৮৯৮ সালে। বাংলার নবজাগরণের কালে এই দুই দ্বারকানাথের অবদান কম ছিল না। প্রথমজন দ্বারকানাথ ঠাকুর বাংলার সম্মানকে একেবারে আন্তর্জাতিক স্তরে নিয়ে যেতে সমর্থ হয়েছিলেন। তিনি আবার সতীদাহ প্রথার বিরোধী ছিলেন। রাজা রামমোহন রায়ের সঙ্গে হাত মিলিয়ে বাংলার সতীদাহ প্রথা বন্ধ করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করেন। রাজা রামমোহন রায়ের সমাজ সংস্কার আন্দোলনকে তিনি সমর্থন করতেন। এমনকী ব্রাহ্ম ধর্মকে তিনি সমর্থন করে তাঁর পরিবারের সবাইকে ব্রাহ্ম ধর্মে দীক্ষিত করেছিলেন। ঠাকুর বাড়িতে মহিলাদের শিক্ষা প্রসারের ব্যাপারে তিনি কোনও সময়ে দ্বিমত পোষন করেননি। মহিলারা যদি শিক্ষিত হতে পারে তাহলে সমাজ থেকে কুসংস্কার অচিরেই দূর হয়ে যেতে পারে বলে তিনি বিশ্বাস করতেন। একই মত পোষন করতে দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়। তিনি মনে করতেন মহিলাদের শিক্ষা দিতে পারলে সমাজে আর কুসংস্কার বলে কিছু থাকবে না। সমাজ থেকে বহু বিবাহ প্রথা বন্ধ এবং বিধবা বিবাহ প্রথা চালু করতে গেলে দরকার হচ্ছে মহিলাদের শিক্ষা দেওয়া। সেই উদ্যোগ গ্রহণ করতে শুরু করে দিয়েছিলেন পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তিনি মহিলাদের শিক্ষার প্রসারের জন্য বহু স্কুল স্থাপন করেছিলেন। মহিলাদের শিক্ষা গ্রহণ করার ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করতে কম যাননি দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়। তিনিও হিন্দু মহিলা বিদ্যালয় চালু করেছিলেন। সেখানে মেয়েদের শিক্ষার দায়িত্বভার গ্রহণ করেছিলেন দ্বারকানাথ গঙ্গোপাধ্যায়। তারপরে বেথুন স্কুল স্থাপিত হলে তার সঙ্গে মিলে গিয়েছিল হিন্দু মহিলা বিদ্যালয়। এই বিদ্যালয়ের ছাত্রী ছিলেন ভারতের প্রথম মহিলা ডাক্তার কাদম্বিনী গঙ্গোপাধ্যায় (১৮৬১-১৯২৪)। হিন্দু মহিলা বিদ্যালয বন্ধ হয়ে যাওয়ার পর আবার নতুন করে একটি বিদ্যালয় স্থাপন করা হল নাম দেওয়া হল বঙ্গ মহিলা বিদ্যালয়। এখানে বাংলার সব ধর্মের মেয়েরা পড়াশুনায় অংশ গ্রহণ করতে পারবে। ১ জুন, ১৮৭৬ সালে প্রতিষ্ঠিত হল বঙ্গ মহিলা বিদ্যালয়। শিবনাথ শাস্ত্রী মহাশয় স্তোত্র পাঠ করে এই বিদ্যালয়ের শুভ সূচনা করেছিলেন। তারপরে ৭ মে ১৮৪৯ সালে আজকের বেথুন স্কুলে শুভ সূচনা হল। তখন এই মেয়েদের স্কুলের নাম ছিল 'ক্যালকাটা ফিমেল স্কুল' বা 'কলকাতা মহিলা বিদ্যালয়'। বঙ্গ মহিলা বিদ্যালয়কে এর সঙ্গে জুড়ে দেওয়া হল। ১৮৫০ সাল কর্ণওয়ালিস স্ট্রিটে 'ক্যালকাটা ফিমেল স্কুল' এর নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হল। উপস্থিত ছিলেন রামগোপাল, দক্ষিণারঞ্জন, মদনমোহনসহ আরও অনেকে। তখন বাংলার ছোটলাট ছিলেন স্যার হারবার্ট লিটলার। সঙ্গে এসেছিলেন লেডি লিটলার। উপস্থিত ছিলেন বেথুন স্কুলের প্রধান স্থপতি মিস্টার গ্রে। বিদ্যাসাগর মহাশয় এই মহিলা বিদ্যালয়ের জন্য একটি উক্তি লিখে পাঠিয়েছিলেন-' কন্যাপোবং পালনীয়া শিক্ষণীয়তিযত্নতয়'। 'পুত্রের মতো কন্যাসন্তানকেও যত্নের সঙ্গে উপযুক্ত শিক্ষা দিয়ে বড় করতে তুলতে হবে-মহানির্বাণ তন্ত্র'। বিদ্যাসাগরের এই লেখাটিকে স্কুলের এমন স্থানে স্থাপন করতে হবে যাতে সবাই দেখতে পায়।

আচার্য প্রফুল্লচন্দ্র রায় ঃ ১৮৮৮ সালে স্বদেশে ফিরলেন প্রফুল্লচন্দ্র। প্রফুল্লচন্দ্র রায় কলকাতার প্রেসিডেন্সি কলেজে সহকারী অধ্যাপকের কাজে যোগদান করলেন মাত্র ২৫০ টাকার মাইনেতে। বেকার থাকার সময়ে প্রফুল্লচন্দ্রে দিন কাটতো জগদীশ চন্দ্র বোস এবং তাঁর স্ত্রী অবলা বসুর আতিথ্যে। প্রফুল্লচন্দ্র প্রেসিডেন্সি বিশ্ববিদালয়ের পরীক্ষাগারে 'মারকিউরাস নাইট্রেইট' আবিষ্কার করে ফেললেন। তিনি দুই খণ্ড ' এ হিস্ট্রি অব হিন্দু কেমিস্ট্রি' বই রচনা করেন। ভারতবর্ষে অতীতে যে রসায়ান শাস্ত্রের চর্চা ছিল তা তিনি বিস্তারিতভাবে তথ্য দিয়ে বই লিখতে শুরু করে দিয়েছিলেন। বৈদিক যুগ থেকে শুরু করে ক্রান্তিকাল, তান্ত্রিক পর্যায় এবং ওষধি বিজ্ঞানের যুগ পর্যন্ত অনুসন্ধান করে তাঁর এই রসায়ন বইটি রচিত। ভারতের বিভিন্ন গাছ থেকে ঔষুধি লাভ থেকে শুরু করে ধাতু নিষ্কাষণের মধ্যে দিয়ে যে সব চিকিৎসাবিদ্যা এবং ধাতুবিদ্যার উন্নতি লাভ করেছিল তা নিয়ে বিস্তারিতভাবে লেখা। আচার্য প্রফুল্ল চন্দ্র রায় খুবই স্পষ্টবাদী বিজ্ঞানী ছিলেন। বিজ্ঞান সত্যকে প্রকাশ করে থাকে। সেই কারণে তাঁর প্রতিটি লেখার মধ্যে সত্যের প্রকাশ আমরা দেখতে পাই। তিনি কারোর কাছে মাথা নত করার ব্যক্তি ছিলেন না। তিনি লিখেছেন, '' যে দেশে সুশ্রুত বলিয়াছিলেন- শব ব্যবচ্ছেদ ভিন্ন চিকিৎসাবিদ্যা শিক্ষা করা অসম্ভব। সেই দেশে শব স্পর্শ করা নিষিদ্ধ হইয়া গেল।' আমরা প্রত্যেকেই জাানি যে মধুসূদন গুপ্ত কলকাতার মেডিকেল কলেজে প্রথম শব ব্যবচ্ছেদ করেছিলেন। তার ফলে তিনি ধর্মচ্যুত হন। পরে তিনি খ্রিস্টান ধর্ম গ্রহণ করেছিলেন। প্রফুল্লচন্দ্র বাঙালি জাতি সম্পর্কে উপলব্ধি করে লিখছেন, '' শ্রমবিমুখতাই আমাদের সর্বনাশের মূল। কোনো কাজ করিব না, হাত-পা গুটাইয়া বসিয়া থাকিব বা আরাম -চেয়ারে শুইয়া কেবল অন্যের সমালোচনা করিব। অথচ দেশকে অগ্রসর করাইব। আমরা আজকাল 'বাঙালি জাতি' বলিয়া চিৎকার করিতে আরম্ভ করিয়াছি; কিন্তু জাতি-গঠনের জন্য যে কত মালমশলা ও উপকরণ দরকার তাহা একেবারে ভুলিয়া গিয়াছি। অস্পৃশ্যতারূপ পাপ বক্ষে ধারন করিয়া, আজ কয়েক শত বৎসর ধরিয়া তাহার জন্য কি প্রায়শ্চিত করিতে হইতেছে, ভাবিয়া দেখা যাক।" ১৮৯২ সালে 'বেঙ্গল কেমিক্যাল অ্যাণ্ড ফার্মাসিউটিক্যাল ওয়ার্কস' প্রতিষ্ঠা করেন তাঁর বন্ধু অমূল্যচরণ বসুকে সঙ্গে নিয়ে। ১৯০১ সালে ১২ এপ্রিল তিনি বেঙ্গল কেমিক্যাল লিমিটেড কোম্পানি পরিণত করেছিলেন। তিন বছর ধরে ভেজাল ঘি এবং তেল নিয়ে গবেষণা করেছিলেন যা কলকাতার এশিয়াটিক সোসাইটির জার্নালে প্রকাশিত হয় ১৮৯৪ সালে (খণ্ড ৫৯, সংখ্যা ৬৩)। এছাড়াও আর বহু গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছিল এশিয়াটিক সোসাইটির জার্নালে। রাজনীতিবিদ গোপালকৃষ্ণ গোখলের সঙ্গে তাঁর পরিচয় ছিল আন্তরিক। মহাত্মা গান্ধির সঙ্গে তিনি স্বদেশি বিজ্ঞান ভাবনা নিয়ে বিশদে আলোচনা করেছিলেন। ১৫ জুন ১৯১২ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের একটি চিঠি পান। সেখানে রাজা বাজার সায়েন্স কলেজের প্রধান অধ্যাপক হিসাবে যোগ দেওয়ার আহ্বান করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় তাঁকে সম্মানিক ডক্টরেট প্রদান করে।

প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় রবীন্দ্র সঙ্গিতের ভক্ত ছিলেন

(ভারতের প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের জন্মদিন পাড় হয়ে গিয়েছে। তাঁকে শ্রদ্ধা নিবেদন করতে আজকের বিশেষ প্রতিবেদন)

কবিগুরুর সম্পর্কে একজন রাষ্ট্রবিজ্ঞানের ছাত্রের যে যথেষ্ট জ্ঞান ছিল সেটা প্রমাণিত হয়ে গিয়েছিল যখন প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় এসেছিলেন এশিয়াটিক সোসাইটিতে এসেছিলেন ইন্দিরা গান্ধি স্মারক পুরস্কার গ্রহণ করতে। তিনি সেই সময়ে রবীন্দ্র সঙ্গীত নিয়ে একটি মূল্যবান বক্তব্য রেখে ছিলেন। বর্তমান যুগে যখন আধুনিক বাংলা সঙ্গীত দিশাহারা অবস্থায় গিয়ে পৌঁছাতে শুরু করে দিয়েছে ঠিক সেই সময়ে কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের রচিত সমস্ত সঙ্গীতগুলো বর্তমান সঙ্গীত শিল্পীদের পথ দেখাতে শুরু করে দিয়েছে এবং তাঁদেরকে অনুপ্রাণিত করছে। রবীন্দ্র সঙ্গীত না থাকলে বাংলা সঙ্গীতের যে আকাল দেখা দিত সেটা কার্যত স্বীকার করে নিয়েছিলেন প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়। কেন রবীন্দ্রনাথ সর্বকালের জন্য প্রযোজ্য সেটাও তিনি নিষ্ঠার সঙ্গে উল্লেখ করেন। একমাত্র বিশ্বকবি যাঁর দুটি সঙ্গীত দুটি রাষ্ট্রের জাতীয় সঙ্গীতে পরিণত হয়েছে। বিশ্বে আর কোনও কবির গান দুটো দেশের জাতীয় সঙ্গীতে পরিণত হতে দেখা যায়নি। কতখানি ঈশ্বর প্রদত্ত ক্ষমতা পেলে একজন কবির সঙ্গীত দুটো দেশের জাতীয় সঙ্গীত হতে পারে সেটা বোধ হয় আমাদের মতো সাধারণ ব্যক্তির চিন্তার বাইরে অবস্থান করে। প্রয়াত প্রাক্তন প্রণব মুখোপাধ্যায় রবীন্দ্র সঙ্গীত নিয়ে চর্চা করেছিলেন এবং তিনি রবীন্দ্র সঙ্গীতের তাৎপর্যটাও সেদিন অল্প সময়ের মধ্যে বিস্তারিত বর্ণনাও করেছেন। আসলে কবিগুরু হচ্ছেন শক্তির প্রেরণা। তিনি শক্তি দিয়ে থাকেন। লেখক হওয়ার শক্তি দেন। সঙ্গীত শিল্পীর হওয়ার শক্তি দেন আবার কবি হওয়ার শক্তি দিয়ে থাকেন। তিনি হচ্ছেন শক্তিদাতা। প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায় নিজেই সেদিন স্বীকার করেছেন হাতে সময় থাকলে তিনি কবিগুরুর গান শোনেন। কবিগুরুর কবিতা পড়েন। কবিগুরুর সব লেখাগুলো পড়তে থাকেন। একটি জীবনে কবিগুরু লেখা সব পড়ে বোঝা একেবারে অসম্ভব। কবিগুরু তাঁর একটি জীবনে যে সাধনা করে সৃষ্ট করে গিয়েছেন সেই সৃষ্টিকে উপলব্ধি করার মতো ক্ষমতা কারোর একটি জীবনে হওয়া একেবারে অসম্ভব। ফলে কবিগুরুকে বোঝা বহু সময়ে মুশকিল হয়ে পড়ে। আসলে কবিগুরু মনে ভেতরে যে জীবনদেবতা প্রতিষ্ঠিত হয়ে রয়েছে তাকে চিনতে না পারলে জানতে না পারলে কবিগুরুকে জানা একেবারে অসম্ভব হয়ে পড়ে। সেদিন প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের কবিগুরুর সঙ্গীত জীবন এবং সঙ্গীত চর্চা নিয়ে যে গুরুত্বপূর্ণ বক্তব্য রেখেছিলেন সেটা সত্যিকারের একটি গবেষণা পত্রের মতো। বহু গবেষক সেই অনুষ্ঠানে অংশ গ্রহণ করেছিলেন। সেই সময়ে প্রয়াত প্রাক্তন রাষ্ট্রপতি প্রণব মুখোপাধ্যায়ের বক্তব্যকে বহু ছাত্ররা উপস্থিত হয়ে রেকর্ড করে নিয়েছিলেন। আসলে প্রণব মুখোপাধ্যায় শুধু রাজনীতিবিদই ছিলেন না। তিনি ছিলেন একজন রবীন্দ্র সঙ্গীত ভক্ত।

তিব্বত, অরুণাচল বিতর্কে ভারতীয় পুঁথি এবং পুরাণ

